<u>কেবলমাত্র সরকারি কাজে ব্যবহার্য</u>

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**রাজস্ব ভবন**
**সেগুনবাগিচা, ঢাকা।**

# ২০১৮-২০১৯ অর্থবছরের বাজেটে মূল্য সংযোজন কর কর্মকর্তাগণের জন্য নির্দেশনা

**ভ্যাট বিভাগ**

তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ/ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ

**সীমিত**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**সেগুনবাগিচা, ঢাকা।**

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১৬.০০৩.১৮/১৩৩; তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ/০৭ জুন,২০১৮ খ্রি:।

**বিষয়ঃ <u>২০১৮-২০১৯ অর্থবছরের বাজেটে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিষয়ে গৃহীত ব্যবস্থার উপর নির্দেশনা</u>।**

মূল্য সংযোজন কর (মূসক) ব্যবস্থাকে আরও স্বচ্ছ, সহজীকরণ ও সুসংহত করার জন্য ২০১৮-২০১৯ অর্থবছরের বাজেটে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এ প্রয়োজনীয় কিছু সংশোধনী আনা হয়েছে। এছাড়া মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক সংক্রান্ত কতিপয় প্রজ্ঞাপন বাতিল/সংশোধন করা হয়েছে এবং কয়েকটি নতুন প্রজ্ঞাপন/আদেশ জারি করা হয়েছে। এতদ্ব্যতীত গত অর্থবছরের বাজেট পাশের পর বিভিন্ন সময়ে প্রজ্ঞাপন বা আদেশের মাধ্যমে যে সকল পরিবর্তন আনয়ন করা হয়েছে তা নতুন প্রজ্ঞাপন/আদেশে অন্তর্ভুক্ত করা হয়েছে।

**০২। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর নিম্নবর্ণিত ধারাসমূহ সংশোধন/সংযোজন/ প্রতিস্থাপন/সন্নিবেশ/বিলুপ্তির প্রস্তাব করা হয়েছে:**

| ক্র/ নং | ধারা | কার্যক্রম | বিষয়বস্তু |
|---|---|---|---|
| ১. | ধারা ২ এর দফা (ঘঘঘ) | সন্নিবেশ | করের সংজ্ঞায় টার্নওভার করকে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে ধারা ২ এর দফা (ঘঘঘ) এ “মূল্য সংযোজন কর বা” শব্দগুলির পর “টার্ণওভার কর বা” শব্দগুলি সন্নিবেশিত করা হয়েছে। এর ফলে টার্নওভার করকেও করের সংজ্ঞাভুক্ত করা হয়েছে। |
| ২. | ধারা ৯ এর উপ-ধারা (১) এর দফা (ঢ) | ব্যাখ্যা সন্নিবেশ | রেয়াত গ্রহণ প্রক্রিয়া সহজীকরণের নিমিত্তে ধারা ৯ এর উপ-ধারা (১) এর দফা (ঢ) এর শেষে নিম্নোক্ত ‘ব্যাখ্যা’ সন্নিবেশ করা হয়েছে।<br>**“ব্যাখ্যা।— “ব্যাংকিং মাধ্যম”** অর্থ ধারা ৮, ১৫ ও ১৭ এর অধীনে তালিকাভুক্ত বা নিবন্ধিত ব্যক্তি কর্তৃক ক্ষেত্রমত, তালিকাভুক্তি বা নিবন্ধনের আবেদনের সময় বিধি দ্বারা নির্ধারিত ফরমে উল্লিখিত ব্যাংক হিসাব; এবং সময়ে সময়ে পরিবর্তিত বা নতুনভাবে সংযোজিত ব্যাংক হিসাবও ইহার অন্তর্ভুক্ত হইবে।” এর ফলে রেয়াত গ্রহণ |

| ক্র/ নং | ধারা | কার্যক্রম | বিষয়বস্তু |
|---|---|---|---|
| | | | সংক্রান্ত মাঠ পর্যায়ের সমস্যা দূরীভূত হবে। |
| ৩. | ধারা ১৫ এর উপ-ধারা (১) | সংশোধন | নিবন্ধন প্রক্রিয়া আরো সহজীকরণের নিমিত্তে ধারা ১৫ এ নিম্নরূপ সংশোধন করা হয়েছে।<br>(ক) উপ-ধারা (১) এ উল্লিখিত "যে কোন পণ্যের আমদানিকারক বা যে কোন পণ্য বা সেবার" শব্দগুলির পরিবর্তে "যে কোন পণ্য বা সেবার আমদানিকারক বা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং<br>(খ) উপ-ধারা (২) এর-<br>(অ) প্রথম শর্তাংশ বিলুপ্ত হইবে; এবং<br>(আ) দ্বিতীয় শর্তাংশের "আরও" শব্দটির পরিবর্তে "তবে" শব্দটি প্রতিস্থাপিত হইবে।<br>এতে করে প্রতিষ্ঠানের নিবন্ধন প্রক্রিয়া আরো সহজতর হয়ে যাবে। |
| ৪. | ধারা ২৪ এর উপ-ধারা (১) এর দফা (ঘ) | সংযোজন | মূসক কর্মকর্তাদের সহায়তা প্রাপ্তির ক্ষেত্র আরো সম্প্রসারণের নিমিত্তে ধারা ২৪ এ নিম্নরূপ সংশোধন আনা হয়েছে।<br>ধারা ২৪ এর উপ-ধারা (১) এর দফা (ঘ) এ উল্লিখিত "সকল ব্যাংক" শব্দগুলির পর ", নন ব্যাংকিং ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউশন, স্টক এক্সচেঞ্জ, সিকিউরিটিজ এক্সচেঞ্জ কমিশন, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানি, অডিট এন্ড একাউন্টিং ফার্ম এবং ক্রেডিট রেটিং এজেন্সি এর" শব্দগুলি ও কমাগুলি সন্নিবেশ করা হয়েছে। এর ফলে মাঠ পর্যায়ে মূসক কর্মকর্তাদের তথ্য প্রাপ্তি সহজ হবে এবং আইনানুগ রাজস্ব আদায় করা সম্ভব হবে। |
| ৫. | ধারা ২৬খ এর উপ-ধারা (৫) | সংশোধন | প্রতিষ্ঠানে নজরদারী ও কাঙ্ক্ষিত ফাঁকিরোধ করার লক্ষ্যে ধারা ২৬খ এর উপ-ধারা (৫) এ উল্লিখিত "এই ধারার বিধান কার্যকর করার" শব্দগুলির পরিবর্তে "উপ-ধারা (৩) ও (৪) এর অধীন কর নির্ধারণের" শব্দগুলি, হাইফেন, বন্ধনীগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত করা হয়েছে। এর ফলে তত্ত্বাবধানাধীন সরবরাহ,পর্যবেক্ষণ ও নজরদারী সংক্রান্ত কার্যক্রম সম্পাদন সহজ হবে। |

<table>
<tr><th>ক্র/<br>নং</th><th>ধারা</th><th>কার্যক্রম</th><th>বিষয়বস্তু</th></tr>
<tr><td>৬.</td><td>ধারা ৪০</td><td>প্রতিস্থাপন</td><td>ন্যায় নির্ণয়নের ক্ষমতা যুগোপযোগী করার লক্ষ্যে বিদ্যমান ক্ষমতা দ্বিগুন করে ধারা ৪০ এর দফা (খ) এ উল্লিখিত ‘টেবিল’ এর পরিবর্তে নিম্নরূপভাবে ‘টেবিল’ প্রতিস্থাপন করা হয়েছে।<br>“টেবিল
<table>
<tr><th>ন্যায় নির্ণয়নের ধরন</th><th>ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা</th><th>ক্ষমতা</th></tr>
<tr><td rowspan="6">(অ) পণ্য বা সেবা বাজেয়াপ্তকরণ এবং কর ফাঁকি অথবা বাজেয়াপ্তকরণ বা কর ফাঁকি সংশ্লিষ্ট অর্থদন্ড আরোপ</td><td>কমিশনার</td><td>পণ্য মূল্য বা করযোগ্য সেবা মূল্য ৪০ (চল্লিশ) লক্ষ টাকার অধিক হইলে;</td></tr>
<tr><td>অতিরিক্ত কমিশনার</td><td>পণ্য মূল্য বা করযোগ্য সেবা মূল্য অনধিক ৪০ (চল্লিশ) লক্ষ টাকা হইলে;</td></tr>
<tr><td>যুগ্ম-কমিশনার</td><td>পণ্য মূল্য বা করযোগ্য সেবা মূল্য অনধিক ৩০ (ত্রিশ) লক্ষ টাকা হইলে;</td></tr>
<tr><td>উপ-কমিশনার</td><td>পণ্য মূল্য বা করযোগ্য সেবা মূল্য অনধিক ২০ (বিশ) লক্ষ টাকা হইলে;</td></tr>
<tr><td>সহকারী কমিশনার</td><td>পণ্য মূল্য বা করযোগ্য সেবা মূল্য অনধিক ১০ (দশ) লক্ষ টাকা হইলে;</td></tr>
<tr><td>রাজস্ব কর্মকর্তা</td><td>পণ্য মূল্য বা করযোগ্য সেবা মূল্য অনধিক ৪ (চার) লক্ষ টাকা হইলে;</td></tr>
<tr><td>(আ) দফা (অ) তে বর্ণিত কর ফাঁকি ব্যতিত অন্যান্য অনিয়মের ক্ষেত্রে অর্থদন্ড আরোপ</td><td>বিভাগীয় কর্মকর্তা</td><td>পূর্ণ ক্ষমতা।”</td></tr>
</table>
এর ফলে দ্রুত ন্যায় নির্ণয় করা সম্ভব হবে এবং মামলাজট কমবে।</td></tr>
<tr><td>৭.</td><td>দ্বিতীয় তফসিল</td><td>সন্নিবেশ</td><td>একটি মৌলিক সেবা বিবেচনায় জমি বিক্রয় বা হস্তান্তর সেবাকে অব্যাহতি প্রদানের লক্ষ্যে দ্বিতীয় তফসিলের অনুচ্ছেদ ৭ এ (জ) এর পর নিম্নরূপ দফা (ঝ) সন্নিবেশ করার নিমিত্তে নিম্নরূপভাবে পরিবর্তন আনা হয়েছে।<br>৭ এর দফা (জ) এর প্রান্তস্থিত ‘দাড়ি (।)’ এর পরিবর্তে ‘সেমিকোলন (;)’ প্রতিস্থাপিত হইবে এবং অত:পর</td></tr>
</table>

| ক্র/ নং | ধারা | কার্যক্রম | বিষয়বস্তু |
|---|---|---|---|
| | | | নিম্নরূপ নূতন দফা (ঝ) সংযোজিত হইবে, যথা:-<br>“(ঝ) জমি বিক্রয় বা হস্তান্তর এবং উহার নিবন্ধন (ভূমি উন্নয়ন সংস্থা ও ভবন নির্মাণ সংস্থা ব্যতীত)।” |
| ৮. | তৃতীয় তফসিল | প্রতিস্থাপন | The Customs Act, 1969 এর First Schedule এ হেডিং ও পণ্য বর্ণনার সাম্প্রতিক পরিবর্তন ও সম্পূরক শুল্ক হার এ পরিবর্তন আনার কারণে এবং একটি সেবার ক্ষেত্রে নতুনভাবে সম্পূরক শুল্ক আরোপের কারণে আইনের তৃতীয় তফসিল সংশোধন করে নতুনভাবে প্রতিস্থাপন করা হয়েছে। |

৯. প্রজ্ঞাপন এসআরও নং-১৯১-আইন/২০১৭/১৫-মূসক, তারিখ: ১৮ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ রহিত করে নতুনভাবে একটি প্রজ্ঞাপন জারীপূর্বক উন্নয়ন সারচার্জ ও লেভী (আরোপ ও আদায়) আইন, ২০১৫ (২০১৫ সনের ২০ নং আইন) এর প্রথম তফসিল নিম্নরূপে প্রতিস্থাপন করা হয়েছে (প্রজ্ঞাপন এসআরও নং- ১৭৭-আইন/২০১৮/৮০০-মূসক, তারিখ: ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ)। তফসিলে বাংলাদেশে আমদানিকৃত সেলুলার মোবাইল টেলিফোন সেট এর উপর আমদানি এবং উৎপাদন পর্যায়ে বিদ্যমান ১ শতাংশ সারচার্জ বহাল ছিল, যা বর্তমানে বিলোপ করে আমদানি পর্যায়ে মূল্যভিত্তিক ২ শতাংশ হারে এবং উৎপাদন পর্যায়ে ০ (শূন্য) শতাংশ হারে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উন্নয়ন সারচার্জ আরোপ করা হয়েছে। ব্যবহারিক সুবিধার্থে পূর্ণাঙ্গ তফশিল ও সারচার্জের কোড নিম্নে উল্লেখ করা হলো-

**উন্নয়ন সারচার্জ**

| বিবরণ | সারচার্জের হার |
|---|---|
| (১) | (২) |
| মোবাইল অপারেটর কর্তৃক সিম বা রিম কার্ড বা মেমোরী কার্ড ব্যবহারের মাধ্যমে প্রদত্ত সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থ বা আয় | ১ (এক) শতাংশ |

**স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ**

| বিবরণ | সারচার্জের হার |
|---|---|
| (১) | (২) |
| আমদানিকৃত বা স্থানীয়ভাবে উৎপাদিত তামাকজাত পণ্যের মূল্যভিত্তির উপর | ১ (এক) শতাংশ |

**পরিবেশ সুরক্ষা সারচার্জ**

| বিবরণ | সারচার্জের হার |
|---|---|
| **(১)** | **(২)** |
| নির্দিষ্টকৃত প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত পণ্যের মূল্যভিত্তির উপর | ১ (এক) শতাংশ |

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উন্নয়ন সারচার্জ**

| বিবরণ | সারচার্জের হার |
|---|---|
| **(১)** | **(২)** |
| (ক) আমদানিকৃত সেলুলার মোবাইল টেলিফোন সেট এর মূল্যভিত্তির উপর; এবং | ২ (দুই) শতাংশ |
| (খ) স্থানীয়ভাবে উৎপাদিত সেলুলার মোবাইল টেলিফোন সেট এর মূল্যভিত্তির উপর। | ০ (শুন্য) শতাংশ |

”

**সারচার্জের অর্থনৈতিক কোড**

| মন্ত্রণালয়/বিভাগের নাম | বিবরণ | অর্থনৈতিক কোড |
|---|---|---|
| অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ | ১-১১০৩-০০০১-২২১২ |
| অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | পরিবেশ সুরক্ষা সারচার্জ | ১-১১০৩-০০০১-২২১৩ |
| অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উন্নয়ন সারচার্জ | ১-১১০৩-০০০১-২২১৪ |
| অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | উন্নয়ন সারচার্জ | ১-১১০৩-০০০০-২২২৫ |

**০৩। মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর নিম্নবর্ণিত বিধিসমূহ সংশোধন/ সংযোজন/প্রতিস্থাপন করা হয়েছে:**

| ক্র/ নং | বিধি | কার্যক্রম | বিষয়বস্তু |
|---|---|---|---|
| ১. | বিধি ২৭ এর উপ-বিধি (৫) | প্রতিস্থাপন | রপ্তানি কার্যক্রম দ্রুত ও সহজতর করার লক্ষ্যে **বিধি ২৭ এর উপ-বিধি (৫)** এর পরিবর্তে **নিম্নরূপ** উপ-বিধি (৫) প্রতিস্থাপন করা হয়েছে-<br>“(৫) কোনো রপ্তানিকারক রপ্তানিতব্য পণ্যের পরীক্ষা রপ্তানি বন্দরে সম্পন্ন করাইতে চাহিলে তিনি পণ্য চালানটি উপ-বিধি (১) মোতাবেক প্রস্তুত করিয়া উপ-বিধি (২) এ বর্ণিত আবেদনপত্রের চারটি অনুলিপি এবং চালানপত্রের |

| ক্র/ নং | বিধি | কার্যক্রম | বিষয়বস্তু |
|---|---|---|---|
| | | | মূল ও দ্বিতীয় অনুলিপি স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে দাখিল করিবেন। স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় আবেদনপত্রের মূল, দ্বিতীয় ও তৃতীয় অনুলিপি ও চালানপত্রের মূল অনুলিপি রপ্তানিকারকের নিকট ফেরত প্রদানপূর্বক আবেদনপত্রের চতুর্থ অনুলিপি ও চালানপত্রের দ্বিতীয় অনুলিপি স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে সংরক্ষণ করিবেন। অতঃপর, অনতিবিলম্বে রপ্তানিকারক রপ্তানিতব্য পণ্য বন্দরে প্রেরণ করিবেন। চালানপত্রে পণ্য পরীক্ষা সংক্রান্ত কোন নির্দেশনা না থাকিলে সংশ্লিষ্ট শুল্ক কর্মকর্তা পণ্য চালানটি বন্দরে যথাযথভাবে পরীক্ষার পর রপ্তানির জন্য অনুমতি প্রদান করিবেন।” এতে করে রপ্তানি পণ্য অনেক দ্রুততার সহিত রপ্তানি সম্পন্ন করা সম্ভব হবে। |

০৪। **প্রজ্ঞাপন এস.আর.ও এর মাধ্যমে জারিকৃত ২০১৮-২০১৯ অর্থবছরের বাজেটে গৃহীত মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক সংক্রান্ত উল্লেখযোগ্য সিদ্ধান্তসমূহ:**

**(১) (ক) নিম্নবর্ণিত পণ্য ও সেবাসমূহকে মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রদান করা হয়েছেঃ**

| শিরোনামা সংখ্যা / এইচ এস কোড | পণ্যের নাম | যে পর্যায়ে অব্যাহতি প্রদান করা হয়েছে |
|---|---|---|
| ৩০.০৩ | Erythropoietin নামীয় ঔষধ | আমদানি পর্যায়ে |
| ০৯০৯.২১.৯০ | Coriander seed | আমদানি পর্যায়ে |
| ১২০৭.৭০.১০ | Melon seed | আমদানি পর্যায়ে |
| ১০০৮.২১.১০ | Fodder Crop Seed হিসাবে Millet seed | আমদানি পর্যায়ে |
| ৬৪০২.২০.০০ | প্লাস্টিক ও রাবারের তৈরী হাওয়াই চপ্পল এবং প্লাস্টিকের পাদুকা (১৫০ টাকা মূল্য পর্যন্ত অনপনীয় কালিতে মুদ্রিত/খোদাইকৃত থাকার শর্তে) | উৎপাদন পর্যায়ে |
| ১৯.০৫ (সংশ্লিষ্ট এইচএস কোড) | প্রতি কেজি ১০০ (একশত) টাকা মূল্যমান পর্যন্ত পাউরুটি ও বনরুটি; প্রতি কেজি ১০০ (একশত) টাকা পর্যন্ত মূল্যমানের হাতে তৈরী বিস্কুট; এবং প্রতি কেজি ১৫০ (একশত পঞ্চাশ) টাকা | উৎপাদন পর্যায়ে |

| শিরোনামা সংখ্যা / এইচ এস কোড | পণ্যের নাম | যে পর্যায়ে অব্যাহতি প্রদান করা হয়েছে |
|---|---|---|
| | পর্যন্ত মূল্যমানের হাতে তৈরী কেক (পার্টিকেক ব্যতীত) | |
| এস০০৫.১০ | ইন্টারন্যাশনাল ফ্লাইট পরিচালনার ক্ষেত্রে বন্দর সেবা | সেবা পর্যায়ে |
| এস০২৭.০০ | বীমা এজেন্ট কমিশন | সেবা পর্যায়ে |

**(খ) নিম্নবর্ণিত পণ্য ও সেবার উপর মূল্য সংযোজন কর অব্যাহতি প্রত্যাহার করা হয়েছেঃ**

| শিরোনামা সংখ্যা/এইচ এস কোড | পণ্যের নাম | পর্যায় |
|---|---|---|
| ৮৪.৭১ ও ৮৪.৭৩ | কম্পিউটার ও এর যংন্ত্রাশ | ব্যবসায়ী পর্যায়ে |

উল্লিখিত পরিবর্তনসমূহ অন্তর্ভুক্ত করে মূসক অব্যাহতি সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও নং- ২২৪-আইন/২০১৭/৭৭৪—মূসক, তারিখঃ ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ রহিতক্রমে প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৬৭-আইন/২০১৮/৭৯০-মূসক, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ জারি করা হয়েছে।

**(০২) নিম্নবর্ণিত সেবার পরিধি ও ব্যাখ্যা যৌক্তিকীকরণ করা হয়েছেঃ**

সেবার পরিধি নির্ধারণের লক্ষ্যে ব্যাখ্যা প্রদান সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও নং- ১৬৮-আইন/২০১৩/৬৭২-মূসক, তারিখঃ ০৬ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ এ “ভার্চুয়াল বিজনেস” সংজ্ঞা অন্তর্ভুক্তিসহ কয়েকটি সংজ্ঞায় নিম্নরূপ সংশোধনী আনা হয়েছে-

❖ “ভার্চুয়াল বিজনেস” অর্থ যে কোন ধরণের নিজস্ব বিক্রয় বা ব্যবসা কেন্দ্র ব্যতিত ইলেকট্রনিক নেটওয়ার্ক ব্যবহারের মাধ্যমে ইন্টারনেট বা ওয়েব বা সোশ্যাল মিডিয়া বা মোবাইল এপ্লিকেশন ভিত্তিক প্লাটফরম বা অনুরূপ যে কোন মিডিয়া ব্যবহার করিয়া কোন পণ্য বা সেবার ক্রয়-বিক্রয় বা হস্তান্তরকে বুঝাইবে। তবে, টেলিকম অপারেটরদেরকে প্রদত্ত যে কোন ধরণের মোবাইল ভ্যালু অ্যাডেড সার্ভিস এর অন্তর্ভুক্ত হইবে না।”

❖ ভ্যাটের আওতা সম্প্রসারণের লক্ষ্যে এবং স্থানীয় বাজারে বিক্রয়ের উদ্দেশ্যে

উৎপাদিত ও বিপণনকৃত স্থানীয় তৈরী পোষাক খাত হতে রাজস্ব আহরণের লক্ষ্যে সেবাকোড এস০৭৮.০০ বিভাজনপূর্বক নিম্নরূপভাবে সংজ্ঞায়িত করে প্রতিস্থাপন করা হয়েছে।

| | |
|---|---|
| S০৭৮.০০ | **তৈরি পোশাক বিপণনঃ**<br>**"তৈরি পোষাক বিপণন" বলিতে নিজস্ব প্রস্তুতকৃত বা অন্যের দ্বারা প্রস্তুতকৃত (নিজস্ব ব্র্যান্ড হউক বা না হউক) যে কোন ধরণের তৈরি পোশাকের উৎপাদন ও বিপণনকে বুঝাইবে।** |
| | **(ক) নিজস্ব ব্রান্ড সম্বলিত তৈরি পোশাক বিপণনঃ**<br>ব্যাখ্যা।- ''নিজস্ব ব্রান্ড সম্বলিত তৈরি পোশাক বিপণন'' অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা, নিজস্ব ব্রান্ড বা ট্রেডমার্ক ব্যবহার করিয়া পরিধেয় পোশাক নিজস্ব অথবা চুক্তিভিত্তিক কারিগরের দ্বারা উৎপাদন অথবা আমদানি করিয়া নিজস্ব শো-রুম বা বিপণন কেন্দ্র থেকে পণের বিনিময়ে বিক্রয় করেন। |
| | **(খ) নিজস্ব ব্রান্ড ব্যতিত তৈরি পোশাক বিপণনঃ**<br>ব্যাখ্যা।- ''নিজস্ব ব্রান্ড ব্যতিত তৈরি পোশাক বিপণন'' অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা, সকল প্রকার পরিধেয় পোশাক নিজস্ব ব্রান্ড বা ট্রেডমার্ক ব্যবহার ব্যতিত নিজস্ব অথবা চুক্তিভিত্তিক কারিগরের দ্বারা উৎপাদন করিয়া পণের বিনিময়ে বিক্রয় করেন। |

- তথ্য প্রযুক্তি নির্ভর সেবার বিস্তৃতির প্রেক্ষিতে তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা কোড S০৯৯.১০ (Information Technology Enabled Services) সেবাটিকে যুগোপযোগী করার লক্ষ্যে নিম্নরূপভাবে সংজ্ঞায়িত করে প্রতিস্থাপন করা যায়;

**"তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services)**

ব্যাখ্যা।– "তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services)" অর্থ Digital Content Development and Management, Animation (Both 2D and 3D), Geographic Information Services (GIS), IT Support and Software Maintenance Services, Software Development and Customization,Web Site Development and Services, Website Hosting, Digital Data Analytics, Business Process Outsourcing, Data Entry, Data Processing, Call Centre, Digital

Graphics Design and Computer Aided Design, Search Engine Optimization, Web Listing, Document conversion, imaging and archiving, Overseas Medical Transcription, Cyber Security Services, E-Procurement and E-Auction."

মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সুবিধার্থে প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৬৮-আইন/২০১৩/৬৭২-মূসক, তারিখঃ ০৬ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ এর ২০১৮ সাল পর্যন্ত সংশোধনীসমূহ সমন্বিত আকারে এ নির্দেশিকার 'সংলগ্নী-ক' তে সংযুক্ত করা হয়েছে। কর্মকর্তাদের সুবিধার জন্য উক্ত প্রজ্ঞাপনে বর্ণিত প্রতিটি সেবার পাশে মূসকের বিদ্যমান হার উল্লেখ করা হয়েছে।

**(০৩) (ক) স্থানীয় পর্যায়ে নিম্নবর্ণিত পণ্য ও সেবাসমূহের সম্পূরক শুল্কের হার বৃদ্ধি/ নতুনভাবে আরোপ করা হয়েছেঃ**

| **শিরোনামা সংখ্যা/এইচ এস কোড** | **পণ্য/সেবার বিবরণ** | **সম্পূরক শুল্কের বিদ্যমান হার** | **সম্পূরক শুল্কের পরিবর্তিত হার** |
|---|---|---|---|
| ২২০২.৯০.০০ | এনার্জি ড্রিংক (গত ০৬.০৬.২০১৮ খ্রিস্টাব্দ তারিখে বা তাহার অব্যবহিত পূর্বে স্থানীয়ভাবে উৎপাদিত ও বাজারজাতকৃত ঐ সকল ব্র্যান্ডের পানীয় যাহার লেবেলে বর্ণিত উপাদানে কিংবা প্রকৃতপক্ষে এনার্জির পরিমাণ প্রতি ১০০ মিলি লিটারে ৬০ কিলোক্যালরি কিংবা ততোধিক এবং ভবিষ্যতে উৎপাদিত ও বাজারজাতকৃত এইরূপ মাত্রার এনার্জি সম্বলিত ড্রিংক)। | ২৫ | ৩৫ |
| ৩৩০৪.৯৯.০০ | সৌন্দর্য্য অথবা প্রসাধন সামগ্রী এবং ত্বক পরিচর্যার প্রসাধন সামগ্রী (ঔষধে ব্যবহৃত পদার্থ ব্যতীত), সানস্ক্রিন বা সান ট্যান সামগ্রী; হাত, নখ বা পায়ের প্রসাধন সামগ্রীসহ: অন্যান্য | শূন্য | **১০** |

| শিরোনামা সংখ্যা/এইচ এস কোড | পণ্য/সেবার বিবরণ | সম্পূরক শুল্কের বিদ্যমান হার | সম্পূরক শুল্কের পরিবর্তিত হার |
|---|---|---|---|
| ৩৩০৭.১০.০০ | শেভের আগে, শেভের সময় বা শেভের পরে ব্যবহার্য সামগ্রী | ১০ | ১৫ |
| ৩৩০৭.২০.০০ | শরীরের দুর্গন্ধ এবং ঘাম দূরীকরণে ব্যবহৃত সামগ্রী (আতর ব্যতীত) | ১০ | ১৫ |
| ৩৩০৭.৩০.০০ | সুগন্ধযুক্ত বাথ সল্ট এবং অন্যান্য গোসল সামগ্রী | ১০ | ১৫ |
| ৩৩০৭.৪৯.০০ | কক্ষের দুর্গন্ধ দূরীকরণে ব্যবহৃত অন্যান্য সুগন্ধি সামগ্রী (আগরবাতি এবং সমজাতীয় পণ্য ব্যতীত) | ১০ | ১৫ |
| ৩৩০৭.৯০.০০ | অন্যান্য | ১০ | ১৫ |
| সংশ্লিষ্ট এইচ,এস,কোড | সিগারেট পেপার/বিড়ি পেপার (সাইজ মত কর্তিত হউক বা না হউক অথবা বুকলেট বা টিউবের আকারে) | ২০ | ২৫ |
| সংশ্লিষ্ট এইচ, এস,কোড | সিরামিকের বাথটাব ও জিকুজি, শাওয়ার, শাওয়ার ট্রে | ২০ | ৩০ |
| সংশ্লিষ্ট এইচ, এস,কোড | আলট্রা ভায়োলেট/ইনফ্রা-রেড ল্যাম্প ব্যতীত অন্যান্য ফিলামেন্ট ল্যাম্প | শূন্য | **১০** |
| সংশ্লিষ্ট এইচ, এস,কোড | পলিইথিলিনের তৈরী সকল ধরণের পলিথিন ব্যাগ, প্লাস্টিক ব্যাগ (ওভেন প্লাস্টিক ব্যাগসহ) ও মোড়ক সামগ্রী | শূন্য | ৫ |

**সেবার ক্ষেত্রে**

| সেবার কোড | সেবার নাম | বিদ্যমান সম্পূরক শুল্কহার | প্রস্তাবিত সম্পূরক শুল্কহার |
|---|---|---|---|
| **S০০১.০০** | **হোটেল ও রেস্তোঁরাঃ** | | |
| S০০১.১০ | **হোটেলঃ** আবাসন, খাদ্য বা পানীয় সরবরাহকালে যদি হোটেলে মদ জাতীয় পানীয় সরবরাহ করা হয় বা যে কোন ধরণের ‘‘ফ্লোর শো’’ এর আয়োজন করা হয় কেবল ঐ সকল বিলের উপর (বৎসরে একদিনের জন্য করা হইলেও) | ১০ | ২০ |
| S০০১.২০ | **রেস্তোঁরাঃ** খাদ্য বা পানীয় সরবরাহকালে যদি রেস্তোঁরায় মদ জাতীয় পানীয় সরবরাহ করা হয় বা যে কোন ধরণের ‘‘ফ্লোর শো’’ এর আয়োজন করা হয় কেবল ঐ সকল বিলের উপর (বৎসরে একদিনের জন্য করা হইলেও) | ১০ | ২০ |
| S০৫৮.০০ | চার্টার্ড বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদানকারী সংস্থা (এয়ার অ্যাম্বুলেন্স ব্যতীত) | নতুন | ২০ |

প্রজ্ঞাপন নং- ০৮.০১.০০০০.০৬৮.১৬.০০৪.১৭/৭৮১-মূসক/২০১৭, তারিখঃ ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ রহিতপূর্বক প্রজ্ঞাপন নং- ০৮.০১.০০০০.০৬৮.১৬.০০৩.১৮/৮০১-মূসক/২০১৮, ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ জারি করা হয়। সম্পূরক শুল্ক হার যৌক্তিকীকরণের লক্ষ্যে প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৭২-আইন/২০১৮/৭৯৫, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ জারি করা হয়েছে।

**(খ) জনস্বাস্থ্য সংরক্ষণের স্বার্থে সিগারেট খাতে নিম্ন, মধ্যম ও উচ্চস্তরে মূল্য ও সম্পূরক শুল্ক বৃদ্ধি করা হয়েছে। অতি উচ্চস্তরের মূল্য ও সম্পূরক শুল্কহার অপরিবর্তিত রয়েছে। নিম্নের টেবিলে তা বর্ণিত হলোঃ –**

| বিদ্যমান মূল্যস্তর (১০ শলাকার জন্য) টাকা | বিদ্যমান সম্পূরক শুল্ক হার | প্রস্তাবিত মূল্য (১০ শলাকার জন্য) | প্রস্তাবিত সম্পূরক শুল্ক হার |
|---|---|---|---|
| ২৭ টাকা | ৫২% | ৩২ টাকা ও তদূর্ধ্ব | ৫৫% |
| ৩৫ টাকা | ৫৫% | | |
| ৪৫ টাকা ও তদূর্ধ্ব | ৬৩% | ৪৮ টাকা ও তদূর্ধ্ব | ৬৫% |
| ৭০ টাকা ও তদূর্ধ্ব | ৬৫% | ৭৫ টাকা ও তদূর্ধ্ব | ৬৫% |

সিগারেটের নতুন মূল্যস্তরের আলোকে স্ট্যাম্প ও ব্যান্ডরোল ব্যবহার বিষয়ে বিদ্যমান প্রজ্ঞাপন এস.আর.ও নং- ০৮.০১.০০০০.০৬৮.১৬.০০৪.১৭/৭৮৩-মূসক/২০১৭, তারিখঃ ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ, প্রজ্ঞাপন নং- ০৮.০১.০০০০.০৬৮.১৬.০০৩.১৮/৮০২-মূসক/২০১৮, ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ এর মাধ্যমে রহিত করা হয় এবং এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন এস.আর.ও নং- ১৭০-আইন/২০১৮/৭৯৩-মূসক, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ জারি করা হয়েছে।

(গ) বিড়ির ক্ষেত্রে খুচরামূল্য ও সম্পূরক শুল্কের হার নিম্নরূপে পরিবর্তন করা হয়েছে:

| পণ্যের বিবরণ | শলাকা (প্রতি প্যাকেট) | বিদ্যমান খুচরা মূল্য | প্রস্তাবিত খুচরা মূল্য | বিদ্যমান সম্পূরক শুল্ক হার | প্রস্তাবিত সম্পূরক শুল্ক হার |
|---|---|---|---|---|---|
| যন্ত্রের সাহায্য ব্যতীত হাতে তৈরী বিড়ি (ফিল্টার সংযুক্ত) | ১০ শলাকা | টাকা ৬.০০ | টাকা ৭.৫০ | ৩৫ | ৩৫ |
| | ২০ শলাকা | টাকা ১২.০০ | টাকা ১৫.০০ | ৩৫ | ৩৫ |

**(ঘ) জর্দ্দা ও গুলের ন্যূনতম খুচরা মূল্য ও সম্পূরক শুল্কের হার**

| বিদ্যমান মূল্য কাঠামো | প্রস্তাবিত ন্যূনতম খুচরা মূল্য | বিদ্যমান সম্পূরক শুল্ক হার (%) | প্রস্তাবিত সম্পূরক শুল্ক হার (%) |
|---|---|---|---|
| প্রতিষ্ঠান কর্তৃক ঘোষিত মূল্য | টাকা ২৫.০০ (প্রতি দশ গ্রাম) (ওজন বৃদ্ধির সাথে সাথে ক্রমবর্ধিষ্ণু হারে বৃদ্ধির শর্তে) | ১০০ | ১০০ |

হেডিং নং ২৪.০৩ এর বিপরীতে এইচএস কোড নং ২৪০৩.৯৯.০০ অর্থাৎ জর্দা ও গুলের উপর বিদ্যমান সম্পূরক শুল্কহার ১০০% অব্যাহত রেখে প্রতি দশ গ্রামের ন্যূনতম খুচরা মূল্য ২৫ টাকা এবং অন্যান্য প্যাক সাইজের ক্ষেত্রে আনুপাতিক হারে অর্থাৎ প্রতি গ্রাম জর্দ্দা ও গুলের ন্যূনতম খুচরা মূল্য ২.৫০ টাকা নির্ধারণ করার লক্ষ্যে খুচরা মূল্যের প্রজ্ঞাপন এসআরও নং-

২২৯-আইন/২০১৭/৭৭৯-মূসক, তারিখ: ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ রহিতপূর্বক জর্দ্দা ও গুল অন্তর্ভুক্ত করে একটি নতুন প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৭১-আইন/২০১৮/৭৯৪-মূসক, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ জারি করা হয়েছে।

(০৪) **মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তিতে কর ধার্যকরণ সংক্রান্ত বিধিমালা প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮২-আইন/২০১২/৬৪০-মূসক, তারিখঃ ০৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ এ নিম্নরুপ কতিপয় সংশোধনী সংযোজন করে প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৭৩-আইন/২০১৮/৭৯৬-মূসক, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ জারি করা হয়েছে, যথা:-**

| **সেবার কোড** | **সেবার নাম** | **বিদ্যমান সংকুচিত ভিত্তিমূল্য** | **প্রস্তাবিত সংকুচিত ভিত্তিমূল্য** |
|---|---|---|---|
| এস০০১.২০ | সাধারণ রেস্তোরাঁ | ৭.৫% | ৭% |
| এস০১০.২০ | ভবন নির্মাণ সংস্থা<br>১-১১০০ বর্গফুট পর্যন্ত<br>১১০১-১৬০০ বর্গফুট পর্যন্ত<br>১৬০১ বর্গফুট হতে তদূর্ধ্ব | <br>১.৫%<br>২.৫%<br>৪.৫% | ১-১৬০০ বর্গফুট পর্যন্ত ২%<br>১৬০১ বর্গফুট হতে তদূর্ধ্ব ৪.৫%<br>আকার নির্বিশেষে প্রথমবার ব্যতিত বিক্রয় বা হস্তান্তরের জন্য পুন: রেজিস্ট্রেশনের ক্ষেত্রে ২% |
| এস০০৪.০০ | নির্মাণ সংস্থা | ৬% | ৭% |
| এস০২৪.০০ | আসবাবপত্রের বিপণন কেন্দ্র<br>উৎপাদন পর্যায়ে<br>বিপণন পর্যায়ে | <br>৬%<br>৪% | <br>৭%<br>৫% |
| এস০৪৮.০০ | পরিবহন ঠিকাদার (পেট্রোলিয়ামজাত পণ্য পরিবহনের ক্ষেত্রে) | ৪.৫% | ৫% |
| এস০৬০.০০ | নিলামকৃত পণ্যের ক্রেতা | ৪% | ৫% |
| এস০৬৯.০০ | ইংলিশ মিডিয়াম স্কুল | ৭.৫% | ৫% |
| এস০৭৮.০০ | তৈরি পোশাক বিপণন | ৪% | নিজস্ব ব্রান্ড সম্বলিত তৈরি পোশাক বিপণন ৫%<br>নিজস্ব ব্রান্ড ব্যতিত তৈরি পোশাক বিপণন ৫% |

| | | | |
|---|---|---|---|
| S০৭৯.০০ | ভার্চুয়াল বিজনেস | - | ৫% (বিক্রিত বা প্রদত্ত বা হস্তান্তরিত পণ্য বা সেবা প্রাথমিক পর্যায়ে কোন উৎপাদনকারী বা সেবা প্রদানকারীর নিকট হতে মূসক পরিশোধপূর্বক সংগৃহিত হওয়া সাপেক্ষে) |
| এস০৯৯.১০ | তথ্য প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services) | ৪.৫% | ৫% |

(৫) বাণিজ্যিক আমদানিকারক ও ব্যবসায়ী কর্তৃক পণ্য সরবরাহের উপর আরোপণীয় মূল্য সংযোজন কর আদায় বিধিমালা, ২০১৫ (প্রজ্ঞাপন নং-১২৪-আইন/২০১৫/৭৩০-মূসক, তারিখঃ ০৪ জুন, ২০১৫ খ্রিস্টাব্দ) এ নিম্নরুপ পরিবর্তনসমূহ অন্তর্ভুক্ত করে উক্ত প্রজ্ঞাপন রহিতপূর্বক বাণিজ্যিক আমদানিকারক ও ব্যবসায়ী কর্তৃক পণ্য সরবরাহের উপর আরোপণীয় মূল্য সংযোজন কর আদায় বিধিমালা, ২০১৮ (প্রজ্ঞাপন এস.আর.ও নং- ১৭৪-আইন/২০১৮/৭৯৭-মূসক, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ) জারি করা হয়েছে।

- বিধি ৪ এর (ক) নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হয়েছে :-

"(ক) বাণিজ্যিক আমদানিকারকের ক্ষেত্রে পণ্য আমদানির সময় শুল্ক স্টেশনে দাখিলকৃত বিল অব এন্ট্রিতে শুল্ক কর্মকর্তা কর্তৃক পণ্যের অনুমোদিত শুল্কায়নযোগ্য মূল্যের সহিত আমদানি শুল্ক, সম্পূরক শুল্ক, অন্যান্য শুল্ক ও কর (মূল্য সংযোজন কর ও অগ্রিম আয়কর ব্যতিত) যদি থাকে, গণনা করিয়া উহার সহিত ৩৩.৩৪ শতাংশ মূল্য সংযোজনপূর্বক সর্বমোট মূল্যের উপর ৫ শতাংশ হারে মূসক অগ্রিম আদায় করিতে হইবে;"

- বিধি ৪ এর (খ) নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হয়েছে :-

"(খ) আমদানিস্তরে মূসক বা অগ্রিম মূসক বা উভয়ই পরিশোধ করিবার পর আমদানি স্টেশন হইতে সংশ্লিষ্ট বিল অব এন্ট্রিতে প্রদর্শিত ঠিকানা বা ব্যবসাস্থল সংশ্লিষ্ট পণ্য আনয়নের পূর্বে বা পরে পরবর্তী প্রথম বিক্রয় বা সরবরাহের সময় (নিজস্ব মালিকানাধীন কিন্তু আলাদাভাবে নিবন্ধিত অন্য কোন ব্যবসাস্থল বা পণ্যাগারে স্থানান্তরসহ) আমদানি পর্যায়ে ৩৩.৩৪ শতাংশ হারে নির্ধারিত মূল্য সংযোজন ও তাহার ভিত্তিতে ৫ শতাংশ হারে পরিশোধিত অগ্রিম মূসককে চূড়ান্ত বিবেচনা করিলে উক্ত আমদানি পর্যায়ে পরিশোধিত ১৫ শতাংশ মূসক (যদি প্রযোজ্য হয়) সহ ৫ শতাংশ অগ্রিম মূসক

আনুপাতিকহারে প্রদর্শন, সংশ্লিষ্ট আমদানি বিল অব এন্ট্রির নম্বর, তারিখ ও শুল্ক স্টেশনের নাম উল্লেখ করিয়া মূসক বিধিমালার 'মূসক-১১' চালানপত্র ইস্যু করা যাইবে;";

- বিধি ৪ এর (ঙ) নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হয়েছে :-

"(ঙ) সুপারশপ এর ব্যবসায়ী পর্যায়ে সরবরাহের সময় মূল্য সংযোজনের হার ৩৩.৩৪ শতাংশ হিসাবে গণনা করিয়া তাহার উপর ১৫% অর্থাৎ সরবরাহ মূল্যের উপর ৫ শতাংশ মূসক প্রদেয় হইবে;

- বিধি ৫ এর (১২) নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হয়েছে :-

"(১২) প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে কর পরিশোধকারী বাণিজ্যিক আমদানিকারক ও ব্যবসায়ী ব্যতীত অন্যান্য বাণিজ্যিক আমদানিকারক ও ব্যবসায়ী কর্তৃক আমদানিকৃত বা অন্যভাবে সংগৃহীত পণ্যের ক্ষেত্রে ৩৩.৩৪ শতাংশ হারে মূল্য সংযোজন হিসাব করিয়া তাহার উপর ১৫ শতাংশ অর্থাৎ সরবরাহ মূল্যের উপর ৫ শতাংশ হারে মূসক প্রদান করিতে হইবে, তবে সেই ক্ষেত্রে কোন রেয়াত গ্রহণ করা যাইবে না।"

**(৬)** দেশীয় ভারী শিল্পের বিকাশ ও প্রতিযোগিতামূলক রপ্তানি বাণিজ্যের প্রসারের লক্ষ্যে মোটর সাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক স্থানীয়ভাবে মোটর সাইকেল উৎপাদন ও সংশ্লিষ্ট ভেন্ডর কর্তৃক তৈরিকৃত যন্ত্রাংশকে প্রণোদনা প্রদানের স্বার্থে বিদ্যমান ভ্যাট অব্যাহতি আগামী ৩০ জুন, ২০২০ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত বহাল রেখে এ সংক্রান্ত একটি নতুন প্রজ্ঞাপন এস.আর.ও নং- ১৭৫-আইন/২০১৮/৭৯৮-মূসক, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ জারি করা হয়েছে।

(৭) দেশীয় তথ্য প্রযুক্তি শিল্প বিকাশের লক্ষ্যে স্থানীয়ভাবে উৎপাদিত সেলুলার টেলিফোন/মোবাইল টেলিফোন সেট উৎপাদনকে প্রণোদনা প্রদানের স্বার্থে উৎপাদন পর্যায়ে মূল্য সংযোজন কর এবং উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ ও খুচরা যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর অব্যাহতি সংক্রান্ত একটি নতুন প্রজ্ঞাপন এস.আর.ও নং- ১৬৮-আইন/২০১৮/৭৯১-মূসক, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ জারি করা হয়েছে।

(৮) দেশীয় শিল্পের প্রতিরক্ষণের স্বার্থে সোলার প্যানেল প্রস্তুতকারক শিল্পের প্রসারের জন্য এ শিল্পের কাঁচামাল হিসাবে Photovoltaic cell (HS code 8541.40.10) এর বিদ্যমান এটিভি অব্যাহতি সুবিধা বহাল রেখে ফিনিশড সোলার মডিউল ও প্যানেল (HS code 8541.40.20) এর উপর হতে এটিভি অব্যাহতি সুবিধা প্রত্যাহার করা হয়েছে। সে লক্ষ্যে প্রজ্ঞাপন এস.আর.ও

নং- ২১৭-আইন/২০১৭/৫৫/কাস্টমস, তারিখঃ ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ রহিতপূর্বক প্রজ্ঞাপন এস.আর.ও নং- ১৭৬-আইন/২০১৮/৭৯৯-মূসক, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ জারি করা হয়েছে।

০৬। **সাধারণ আদেশের মাধ্যমে জারিকৃত ২০১৮-২০১৯ অর্থবছরের বাজেটে গৃহীত উল্লেখযোগ্য সিদ্ধান্তসমূহঃ**

**[১] ট্যারিফ মূল্য সংক্রান্ত মূল্য সংযোজন কর আদেশ এর সংশোধন ও যৌক্তিকীকরণঃ**

প্রমিত মূসক ব্যবস্থায় উত্তরণের লক্ষ্যে কতিপয় সংস্কারসহ বিদ্যমান ট্যারিফ মূল্য সংক্রান্ত আদেশ নং ১২/মূসক/২০১৭, তারিখ: ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ এবং এর পরবর্তীতে জারীকৃত একইরূপ সকল সংশোধনী ও আদেশসমূহ সমন্বিত করে ও নিম্নোক্ত প্রস্তাবসমূহ অন্তর্ভুক্ত করে এবং অন্যান্য ক্ষেত্রে বিদ্যমান ট্যারিফ মূল্য অব্যাহত রেখে সমন্বিত ট্যারিফ মূল্য সংক্রান্ত নতুন সাধারণ আদেশ নং-০৫/মূসক/২০১৮, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ জারি করা হয়েছে–

| শিরনামা সংখ্যা | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পণ্য সামগ্রীর বিবরণ | ২০১৭-১৮ এ বিদ্যমান মূল্য | ২০১৮-১৯ এর প্রস্তাব |
|---|---|---|---|---|
| ২০.০২ | সংশ্লিষ্ট এইচএস কোড | টমেটো পেস্ট | টাকা ২০/- (বিশ) (প্রতি কেজি) | টাকা ৪০/- (**চল্লিশ**) (প্রতি কেজি) |
| ২০.০২ | সংশ্লিষ্ট এইচএস কোড | টমেটো কেচাপ/সস (বোতলজাত) | টাকা ৫৫/- (পঁঞ্চান্ন) (প্রতি কেজি) | টাকা ৬৫/- (পঁয়ষট্টি) (প্রতি কেজি) |
| ২০.০২ | সংশ্লিষ্ট এইচএস কোড | টমেটো কেচাপ/সস (প্যাকেটজাত) | টাকা ৬৫/- (পয়ষট্টি) (প্রতি কেজি) | টাকা ৭০/- (সত্তর) (প্রতি কেজি) |
| ২০.০৮ | সংশ্লিষ্ট এইচ.এস. কোড | আম, আনারস, পেয়ারা ও কলার পাল্প; তেঁতুলের পেস্ট | টাকা ২০/- (বিশ) (প্রতি কেজি) | টাকা ২৫/- (পঁচিশ) (প্রতি কেজি) |
| ২০.০৮ | সংশ্লিষ্ট এইচএসকোড | আমসত্ব (ম্যাংগো বার) | টাকা ২.০০ (দুই) (প্রতি ১৬ গ্রাম প্যাক) | টাকা ৪/- (চার) (প্রতি ১৬ গ্রাম প্যাক) |
| ২০.০৯ | সংশ্লিষ্ট এইচ.এস. কোড | আমের জুস (ম্যাংগো জুস) | টাকা ২০/- (বিশ) (প্রতি ১০০০ মি.লি. প্যাক) | টাকা ২৫/- (পঁচিশ) (প্রতি কেজি) |
| ২০.০৯ | সংশ্লিষ্ট এইচ.এস. কোড | আনারসের জুস | টাকা ২০/- (বিশ) (প্রতি ১০০০ মি.লি. প্যাক) | টাকা ২৫/- (পঁচিশ) (প্রতি কেজি) |
| ২০.০৯ | সংশ্লিষ্ট এইচ.এস. কোড | পেয়ারার জুস | টাকা ২০/- (বিশ) (প্রতি ১০০০ | টাকা ২৫/- (পঁচিশ) (প্রতি |

| শিরনামা সংখ্যা | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পণ্য সামগ্রীর বিবরণ | ২০১৭-১৮ এ বিদ্যমান মূল্য | ২০১৮-১৯ এর প্রস্তাব |
|---|---|---|---|---|
| | | | মি.লি. প্যাক) | কেজি) |
| ২০.০৯ | সংশ্লিষ্ট এইচ.এস. কোড | তেঁতুলের জুস | টাকা ২০/- (বিশ) (প্রতি ১০০০ মি.লি. প্যাক) | টাকা ২৫/- (পঁচিশ) (প্রতি কেজি) |
| ২৭.১০ | সংশ্লিষ্ট এইচ.এস. কোড | পোড়া/ব্যবহারের অযোগ্য ট্রান্সফরমার অয়েল (পুনঃ প্রক্রিয়াকরণের ক্ষেত্রে) | টাকা ২,২০০/- (দুই হাজার দুই শত) (প্রতি ব্যারেল ২০৫ লিটার) | টাকা ৩,০০০/- (তিন হাজার) (প্রতি ব্যারেল ২০৫ লিটার) |
| ২৭.১০ | সংশ্লিষ্ট এইচ.এস. কোড | লুবব্লেন্ডিং অয়েল/রাবার প্রসেসিং অয়েল | টাকা ২০/- (বিশ) (প্রতি লিটার) | টাকা ২৫/- (পঁচিশ) (প্রতি লিটার) |
| ৪৮.০৯ | সংশ্লিষ্ট এইচএস কোড | সেল্ফ কপি পেপার | টাকা ৩০,০০০ (ত্রিশ হাজার) (প্রতি মেঃ টন) | টাকা ৫০,০০০ (পঞ্চাশ হাজার) (প্রতি মেঃ টন) |
| ৪৮.১০ | সংশ্লিষ্ট এইচএস কোড | ডুপ্লেক্স বোর্ড / কোটেড পেপার | টাকা ২৮,৭৫০ (আটাশ হাজার সাত শত পঞ্চাশ) (প্রতি মেঃ টন) | টাকা ৩৫,০০০ (পঁয়ত্রিশ হাজার) (প্রতি মেঃ টন) |
| ৪৮.২৩ | সংশ্লিষ্ট এইচএস কোড | কালারড পেপার | টাকা ২৮,৭৫০/- (আটাশ হাজার সাতশত পঞ্চাশ) (প্রতি মেঃ টন) | টাকা ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) (প্রতি মেঃ টন) |
| ৫২.০২ থেকে ৫২.০৭ | সকল এইচ, এস, কোড | (ক) কটন ইয়ার্ন বর্জ্য, যাহা hardwaste নামে পরিচিত এবং যাহা কোন ধরণের কাপড় তৈরিতে ব্যবহার করা যায় না | টাকা ১০/- (দশ) (প্রতি কিঃ গ্রাঃ) | টাকা ২০/- (বিশ) (প্রতি কিঃ গ্রাঃ) |
| | | (খ) কটন ইয়ার্ন, ট্যুইস্ট ও থ্রেড | টাকা ১০/- (দশ) (প্রতি কিঃ গ্রাঃ) | টাকা ২০/- (বিশ) (প্রতি কিঃ গ্রাঃ) |
| ৫২.০৮ থেকে ৫২.১২ | সকল এইচ,এস,কোড | ওয়েস্ট গ্রে-ডেনিম | টাকা ১০/- (দশ) (প্রতি কিঃ গ্রাঃ) | টাকা ২০/- (বিশ) (প্রতি কিঃ গ্রাঃ) |
| ৫৪.০২ থেকে ৫৪.১০ এবং | সকল এইচ,এস,কোড | (ক) কৃত্রিম আঁশ (man made fibre) এবং অন্যান্য আঁশের সংমিশ্রণে তৈরি ইয়ার্ন, যাহার মধ্যে কৃত্রিম আঁশের আধিক্য | টাকা ১০/- (দশ) (প্রতি কিঃ গ্রাঃ) | টাকা ২০/- (বিশ) (প্রতি কিঃ গ্রাঃ) |

| শিরনামা সংখ্যা | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পণ্য সামগ্রীর বিবরণ | ২০১৭-১৮ এ বিদ্যমান মূল্য | ২০১৮-১৯ এর প্রস্তাব |
|---|---|---|---|---|
| ৫৫.১২ থেকে ৫৫.১৬ | | রয়েছে | | |
| ৭২.১০ ৭২.১২ | সংশ্লিষ্ট এইচ এস কোড | সি আর কয়েল থেকে জিপি শীট | টাকা ৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত) (প্রতি মেঃ টন) | টাকা ৭,০০০/- (সাত হাজার) (প্রতি মেঃ টন) |
| | | সি আর কয়েল থেকে জিপি শীট/কয়েল(রঙ্গীন) | টাকা ৭,০০০/- (সাত হাজার) (প্রতি মেঃ টন) | টাকা ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) (প্রতি মেঃ টন) |
| | | সি আর কয়েল থেকে সিআই শীট (রঙ্গীন) | টাকা ৭,২০০/- (সাত হাজার দুই শত) (প্রতি মেঃ টন) | টাকা ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) (প্রতি মেঃ টন) |
| ৭৩.০৮ | সংশ্লিষ্ট এইচ.এস. কোড | ইলেক্ট্রিক পোল (স্টীল প্লেট দ্বারা উৎপাদিত) | টাকা ৩০,০০০/- (ত্রিশ হাজার) (প্রতি মেঃ টন) | টাকা ৪০,০০০/- (চল্লিশ হাজার) (প্রতি মেঃ টন) |
| ৭৩.১৮ ৭৪.১৫ ৭৬.১৬ | সকল এইচএস কোড | জয়েন্ট (কানেক্টর), নাট, বোল্ট বিভিন্ন সাইজ ও প্রকারের গ্যালভানাইজড /নন গ্যালভানাইজড/জিংক কোটিং/নিকেল কোটিং/ অন্যান্য মেটাল কোটিং/ কোটিং ব্যতীত | টাকা ৯,১৩০/- (নয় হাজার একশত ত্রিশ) (প্রতি মেঃ টন) | টাকা **১৫,০০০**/- (**পনের** হাজার) (প্রতি মেঃ টন) |
| | | ইলেক্ট্রিক লাইন হার্ডওয়্যার এবং পোল ফিটিংস, যা এম, এস ও স্টীল দ্বারা তৈরি (নাট, বোল্ট ব্যতীত) | টাকা ২২,০০০/- (বাইশ হাজার) (প্রতি মেঃ টন) | টাকা ৩০,০০০/- (ত্রিশ হাজার) (প্রতি মেঃ টন) |
| ৮২.১২ | সংশ্লিষ্ট এইচ.এস. কোড | স্টেইনলেস স্টীলের স্ট্রিপ হইতে প্রস্তুত ব্লেড<br><br>কার্বন স্টীলের স্ট্রিপ হইতে প্রস্তুত ব্লেড | টাকা ০.৪০ (শূন্য দশমিক চার শূন্য) (প্রতি পিস)<br><br>টাকা ০.২০ (শূন্য দশমিক দুই শূন্য) (প্রতি পিস) | টাকা ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) (প্রতি পিস)<br>টাকা ০.৩০ (শূন্য দশমিক তিন শূন্য) (প্রতি পিস) |
| ৯০.০৩ | ৯০০৩.১১.০০ | চশমার প্লাস্টিক ফ্রেম | টাকা ৪০/- (চল্লিশ) (প্রতি পিস) | টাকা ৫০/- (পঞ্চাশ) (প্রতি পিস) |

| শিরনামা সংখ্যা | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পণ্য সামগ্রীর বিবরণ | ২০১৭-১৮ এ বিদ্যমান মূল্য | ২০১৮-১৯ এর প্রস্তাব |
|---|---|---|---|---|
| | ৯০০৩.১৯.০০ | চশমার মেটাল ফ্রেম (স্প্রিংযুক্ত হোক বা না হোক) | টাকা ৫০/- (পঞ্চাশ) (প্রতি পিস) | টাকা ৬০/- (ষাট) (প্রতি পিস) |
| ৯০.০৪ | সংশ্লিষ্ট এইচএস কোড | সান গ্লাস (প্লাস্টিক ফ্রেমযুক্ত) | টাকা ৪০/- (চল্লিশ) (প্রতি পিস) | টাকা ৫০/- (পঞ্চাশ) (প্রতি পিস) |
| | | সান গ্লাস (মেটাল ফ্রেমযুক্ত) | টাকা ৫০/- (পঞ্চাশ) (প্রতি পিস) | টাকা ৬০/- (ষাট) (প্রতি পিস) |
| ৯০.০৪ | ৯০০৪.৯০.০০ | রিডিং গ্লাস (প্লাস্টিক ফ্রেমযুক্ত) | টাকা ৪৫/- (পঁয়তাল্লিশ) (প্রতি পিস) | টাকা ৫৫/- (পঞ্চান্ন) (প্রতি পিস) |
| | | রিডিং গ্লাস (মেটাল ফ্রেমযুক্ত) | টাকা ৫৫/- (পঞ্চান্ন) (প্রতি পিস) | টাকা ৬৫/- (পঁয়ষট্টি) (প্রতি পিস) |

[২] বিভিন্ন সময়ে মাঠ পর্যায়ে উদ্ভুত বিভিন্ন বাস্তবিক ও প্রায়োগিক সমস্যা সমাধান ও অধিকতর যৌক্তিকীকরণের লক্ষ্যে উৎসে মূসক কর্তন সংক্রান্ত বিদ্যমান সাধারণ আদেশ নং-১৪/মূসক/২০১৭, তারিখ: ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ রহিতপূর্বক একটি নতুন সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৮, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ জারি করা হয়েছে।

[৩] সিগারেটের খুচরা মূল্য ও সম্পূরক শুল্ক বৃদ্ধির সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে প্রস্তাবিত নতুন পদ্ধতির মূল্যায়ন ও কর আদায় বিষয়ে বিভিন্ন স্ট্যাম্প/ব্যান্ডরোলের ব্যবহার এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক পরিশোধ সংক্রান্ত সাধারণ আদেশ নং-১৫/মূসক/২০১৭; তারিখঃ ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ বাতিলপূর্বক এ সংক্রান্ত নতুন একটি সাধারণ আদেশ নং-০৭/মূসক/২০১৮, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ জারি করা হয়েছে এবং একইসাথে সিগারেটের মূল্যস্তর ও সম্পূরক শুল্ক সংক্রান্ত বর্তমানে বিদ্যমান বিশেষ আদেশ নং- ০৬/মূসক/২০১৭, তারিখঃ ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ, বিশেষ আদেশ নং- ০৬/মূসক/২০১৮, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ বাতিল করা হয়েছে।

[৪] সিগারেটের ক্ষেত্রে সিকিউরিটি প্রিন্টিং প্রেস হতে ব্যান্ডরোল সংগ্রহপূর্বক সিগারেটের প্যাকেটে ব্যবহার করা হয়। কিন্তু বিড়ির ক্ষেত্রে বর্তমানে পোস্ট অফিস হতে ব্যান্ডরোল সংগ্রহ করতে হয়। এতে প্রায়শই কর মেয়াদ শেষে পোষ্ট অফিস কর্তৃপক্ষ

চাহিদা অনুযায়ী ব্যান্ডরোল সরবরাহ করতে পারে না। যার ফলে রাজস্ব আহরণে ঝুঁকি তৈরি হয়। এ বিষয়টি সমাধানের লক্ষ্যে এবং রাজস্ব আহরণ প্রক্রিয়া সহজতর করার জন্য সিগারেটের ন্যায় সকল ধরণের বিড়ির ক্ষেত্রেও পোস্ট অফিস হতে ব্যান্ডরোল উত্তোলন প্রথা রহিতপূর্বক সিকিউরিটি প্রিন্টিং প্রেস হতে ব্যান্ডরোল ক্রয়পূর্বক তা ব্যবহারের দিক-নির্দেশনা সংক্রান্ত নতুন একটি সাধারণ আদেশ নং-০৮/মূসক/২০১৮, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ জারি করা হয়েছে।

[৫] ফিল্টারযুক্ত/ফিল্টার-বিযুক্ত বিড়ি খাতে নতুন পদ্ধতির মূল্যায়ন ও কর আদায়ের দিক-নির্দেশনা সংক্রান্ত সাধারণ আদেশ নং- ১৬/মূসক/২০১৭, তারিখ: ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ বাতিলপূর্বক এ সংক্রান্ত নতুন একটি সাধারণ আদেশ নং- ০৯/মূসক/২০১৮, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ জারি করা হয়েছে।

[৬] ব্যবহারের সুবিধার্থে নতুন জারীকৃত প্রজ্ঞাপন/আদেশ এবং বাতিলকৃত প্রজ্ঞাপন/আদেশ এর তালিকা নিম্নে উল্লেখ করা হলো:

**প্রজ্ঞাপন**

| **প্রজ্ঞাপন নং** | **মন্তব্য** |
|---|---|
| এস.আর.ও. নং- ১৬৬-আইন/২০১৮/৭৮৯-মূসক, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ | মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর সংশোধন |
| এস.আর.ও. নং- ১৬৭-আইন/২০১৮/৭৯০-মূসক, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ | অব্যাহতি সংক্রান্ত এস.আর.ও. নং- ২২৪-আইন/২০১৭/৭৭৪-মূসক, তারিখঃ ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ রহিতকরণ। |
| এস.আর.ও. নং- ১৬৮-আইন/২০১৮/৭৯১-মূসক, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ | সেলুলার ফোন/মোবাইলের উৎপাদন পর্যায়ে অব্যাহতি সংক্রান্ত। |
| এস.আর.ও. নং- ১৬৯-আইন/২০১৮/৭৯২-মূসক, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ | সেবার ব্যাখ্যা ও পরিধি সংক্রান্ত এস.আর.ও. নং- ১৬৮-আইন/২০১৩/৬৭২-মূসক, তারিখঃ ০৬ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ এর অধিকতর সংশোধন। |
| এস.আর.ও. নং- ১৭০-আইন/২০১৮/৭৯৩-মূসক, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ | ব্যান্ডরোল সংক্রান্ত এসআরও নং- ১২১-আইন/২০১৫/৭২৭-মূসক, তারিখঃ ০৪ জুন, ২০১৫ খ্রিস্টাব্দ রহিতকরণ। |
| এস.আর.ও. নং- ১৭১-আইন/২০১৮/৭৯৪-মূসক, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ | খুচরা মূল্য সংক্রান্ত এস.আর.ও. নং- ২২৯-আইন/২০১৭/৭৭৯-মূসক, তারিখঃ ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ রহিতকরণ। |
| এস.আর.ও. নং- ১৭২-আইন/২০১৮/৭৯৫-মূসক, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ | সম্পূরক শুল্ক সংক্রান্ত নতুন প্রজ্ঞাপন জারীকরণ। |

| প্রজ্ঞাপন নং | মন্তব্য |
| --- | --- |
| এস.আর.ও. নং- ১৭৩-আইন/২০১৮/৭৯৬-মূসক, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ | সংকুচিত ভিত্তিমূল্য সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও নং- ১৮২-আইন/২০১২/৬৪০-মূসক, তারিখঃ ০৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ এর অধিকতর সংশোধন। |
| এস.আর.ও. নং- ১৭৪-আইন/২০১৮/৭৯৭-মূসক, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ | এস.আর.ও. নং- ১২৪-আইন/২০১৫/৭৩০-মূসক, তারিখঃ ০৪ জুন, ২০১৫ খ্রিস্টাব্দ রহিতপূর্বক নতুনভাবে বাণিজ্যিক আমদানিকারক, ক্ষুদ্র ও খুচরা ব্যবসায়ী বিধিমালা, ২০১৮ জারীকরণ। |
| এস.আর.ও. নং- ১৭৫-আইন/২০১৮/৭৯৮-মূসক, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ | উৎপাদন পর্যায়ে মোটরসাইকেলের অব্যাহতি সংক্রান্ত নতুন প্রজ্ঞাপন জারীকরণ। |
| এস.আর.ও. নং- ১৭৬-আইন/২০১৮/৭৯৯-মূসক, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ | প্রজ্ঞাপন এস.আর.ও নং- ১৭০-আইন/২০০৯/২২৬২/শুল্ক, তারিখঃ ৩০ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ রহিতকরণপূর্বক নতুন প্রজ্ঞাপন জারীকরণ। |
| এস.আর.ও. নং- ১৭৩-আইন/২০১৮/৮০০-মূসক, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ | সারচার্জ সংক্রান্ত তফসিলের সংশোধন |

**আদেশ**

| আদেশ নং | মন্তব্য |
| --- | --- |
| সাধারণ আদেশ নং-৫/মূসক/২০১৮, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ। | ট্যারিফ মূল্য সংক্রান্ত সাধারণ আদেশ নং-১২/মূসক/২০১৭, তারিখঃ ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ বাতিলকরণ। |
| সাধারণ আদেশ নং-৬/মূসক/২০১৮, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ। | উৎসে কর্তন সংক্রান্ত সাধারণ আদেশ নং-১৪/মূসক/২০১৭, তারিখঃ ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ বাতিলকরণ। |
| সাধারণ আদেশ নং-৭/মূসক/২০১৮, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ। | সিগারেটের রাজস্ব আদায়ের দিক-নির্দেশনা সাধারণ আদেশ নং-১৫/মূসক/২০১৭, তারিখঃ ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ বাতিলকরণ। |
| সাধারণ আদেশ নং-৮/মূসক/২০১৮, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ। | বিড়িতে ব্যান্ডরোলের ব্যবহার সংক্রান্ত নতুন আদেশ জারিকরণ। |
| সাধারণ আদেশ নং-৯/মূসক/২০১৮, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ। | বিড়ির রাজস্ব আদায়ের দিক-নির্দেশনা সংক্রান্ত সাধারণ আদেশ নং-১৬/মূসক/২০১৭, তারিখঃ ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ বাতিলকরণ। |

| আদেশ নং | মন্তব্য |
|---|---|
| বিশেষ আদেশ নং-৬/মূসক/২০১৮, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ। | বিশেষ আদেশ নং-৬/মূসক/২০১৭, তারিখঃ ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ বাতিলকরণ। |
| ব্যাখ্যা পত্র নং- ০১/মূসক/২০১৮ | অ্যাপস ভিত্তিক পরিবহনের রাইড শেয়ারিং সেবার ক্ষেত্রে মূসক আদায় পদ্ধতি। |

০৭। মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় এর বাজেট বক্তৃতা, অর্থ বিল, ২০১৮ এবং বর্ণিত নতুন প্রজ্ঞাপন ও আদেশসমূহ এ নির্দেশনার সাথে প্রেরণ করা হলো। অর্থ বিল, ২০১৮ এ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর সম্পর্কিত অংশ এবং মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর সংশোধনী এবং বাজেট সম্পর্কিত উপরি-উক্ত প্রজ্ঞাপন ও আদেশসমূহের আলোকে যথাযথ সরকারি রাজস্ব আহরণের স্বার্থে অবিলম্বে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। একই সাথে এ সকল বিষয়ে কোন প্রকার ভুল-ভ্রান্তি, অসংগতি বা বিশ্লেষণের প্রয়োজন অনুভূত হলে তা জরুরি ভিত্তিতে আগামী ২১ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে বোর্ডের নজরে আনার জন্য অনুরোধ করা হলো। বাজেটে গৃহীত কার্যক্রমসমূহ অবিলম্বে কার্যকর হবে।

০৮। এই নির্দেশনার কোন অসংগতির ক্ষেত্রে জারীকৃত অর্থ বিল, বিধিমালা, প্রজ্ঞাপন ও আদেশসমূহ অনুসরণীয় হবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**[ হাছান মুহম্মদ তারেক রিকাবদার ]**
প্রথম সচিব (মূসক-নীতি)
ফোনঃ ৮৩৯২৩০২।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,
জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।

২-১৩। কমিশনার, শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট,
ঢাকা(দক্ষিণ)/ঢাকা(উত্তর)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/
খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট, মূসক, ঢাকা।

১৪-১৫। মহাপরিচালক, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর-মূসক,
ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।

১৬। মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, পাহাড়তলী, চট্টগ্রাম।

১৭-২০। কমিশনার, শুল্ক, আবগারী ও মূসক (আপীল), চট্টগ্রাম/ ঢাকা-১/ঢাকা-২/খুলনা।

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১৬.০০৩.১৮/১৩৩, তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ/০৭ জুন,২০১৮ খ্রিঃ।

**অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থেঃ**

১। মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।

২-৭। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/মংলা/বেনাপোল/আই সি ডি, কমলাপুর, ঢাকা/পানগাঁও, মুন্সিগঞ্জ।

৮-৯। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।

১০। কমিশনার, শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

[মোঃ **তারেক হাসান**]
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)
E-mail: tariqcsdu2131@yahoo.com

**সংলগ্নী-ক**
**(৭ জুন, ২০১৮ পর্যন্ত হালনাগাদকৃত)**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

**[ মূল্য সংযোজন কর ]**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ / ০৬ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ।

এস,আর,ও নং- ১৬৮-আইন/২০১৩/৬৭২-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৩ এর উপ-ধারা (৫) এর দফা (খ) তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ২৬ জ্যৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ০৯ জুন, ২০১১ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং-১৭৫-আইন/২০১১/৫৯৮-মূসক রহিতক্রমে নিম্নবর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার কোডের আওতাধীন কলাম (৩) এ বর্ণিত করযোগ্য সেবার পরিধি নির্ধারণের লক্ষ্যে ব্যাখ্যা প্রদান করিল, যথাঃ-

**''টেবিল**

| শিরনামা সংখ্যা | সেবার কোড | করযোগ্য সেবা | নীট কর হার |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| **S০০১** | **S০০১.০০** | **হোটেল ও রেস্তোরাঁ** | **১৫** |
| | **S০০১.১০** | **হোটেলঃ** | |
| | | **ব্যাখ্যা। -** ''হোটেল'' অর্থ কোন ক্লাবসহ, এমন কোন প্রতিষ্ঠান, সংস্থা বা স্থান যেখানে সাময়িকভাবে অবস্থানের জন্য কোন কক্ষ বা কক্ষসমূহের স্যুট বা অন্য কোন ধরনের আবাসন, উহাতে ক্যাটারিং এর ব্যবস্থা অথবা যে কোন নামে অভিহিত অন্য কোন সেবা, সুবিধা বা উপযোগিতার ব্যবস্থা থাকুক বা না থাকুক, ভাড়া দেওয়া হয় এবং ফ্লোর শো প্রদর্শনকারী কোন প্রতিষ্ঠানও এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে। | |
| | **S০০১.২০** | **রেস্তোরাঁ:** | **৭** |
| | | **ব্যাখ্যা।-** ''রেস্তোরাঁ'' অর্থ কোন ক্লাবসহ, এমন কোন প্রতিষ্ঠান, সংস্থা বা স্থান যেখানে অথবা যে কোন নামে অভিহিত অন্য কোন সেবা, সুবিধা বা উপযোগিতা প্রদান করা হউক বা না হউক, উহাতে বা অন্যত্র ভোগের উদ্দেশ্যে কোন খাদ্য বা পানীয় বিক্রয় করা হয় এবং ফ্লোর শো প্রদর্শনকারী প্রতিষ্ঠানসহ যান্ত্রিক যানে পরিচালিত মোবাইল রেস্তোরাঁও ইহার অন্তর্ভুক্ত হইবে। | |

S০০২ S০০২.০০ **ডেকোরেটরস ও ক্যাটারার্সঃ** ১৫

**ব্যাখ্যা।-** ''ডেকোরেটরস ও ক্যাটারার্স'' অর্থ কোন দোকান, ফার্ম, প্রতিষ্ঠান বা ব্যক্তিবর্গ যাহা বা যাহারা নিম্নোক্ত এক বা একাধিক সেবা প্রদান করিয়া থাকে, যথাঃ-

(ক) ফুল, ফেস্টুন, বান্টিং, রঙিন কাগজ, কাপড় বা অন্য কোন উপকরণ, যে কোন ধরনের বৈদ্যুতিক বাতি, তোরণ, প্যান্ডেল বা সামিয়ানা দ্বারা কোন প্রাঙ্গণ, ভবন, মাঠ অথবা যানবাহন সজ্জিতকরণ; অথবা

(খ) আসবাবপত্র বা ফিক্সচারস দ্বারা কোন ভবন, প্রাঙ্গণ বা মাঠ সজ্জিতকরণ; অথবা

(গ) যে কোন ধরনের উৎসব বা অনুষ্ঠানে লিনেন, ক্রোকারিজ, কাটলারিং বা বাসনপত্র সরবরাহকরণ; অথবা

(ঘ) কোন খাদ্য সামগ্রী বা পানীয় প্রস্তুত, সরবরাহ বা পরিবেশনসহ যে কোন ধরনের আপ্যায়ন।

S০০৩ S০০৩.০০ **মোটর গাড়ীর গ্যারেজ, ওয়ার্কসপ এবং ডকইয়ার্ডঃ**

S০০৩.১০ **মোটর গাড়ীর গ্যারেজ এবং ওয়ার্কসপঃ** ১০

S০০৩.২০ **ডকইয়ার্ডঃ** ১০

**ব্যাখ্যা।-** মোটর গাড়ীর গ্যারেজ, ওয়ার্কসপ এবং ডকইয়ার্ড অর্থ এমন কোন প্রতিষ্ঠান, সংস্থা বা স্থান যেখানে যে কোন প্রকারের যান্ত্রিক যানবাহন বা নৌযান মেরামত, রূপান্তর (কনভার্সন) বা সার্ভিসিং করা হয় অথবা উহাদের যন্ত্রাংশের বা আকৃতির কোন পরিবর্তন করা হয়।

S০০৪ S০০৪.০০ **নির্মাণ সংস্থাঃ** ৭

**ব্যাখ্যা।-** (১) ''নির্মাণ সংস্থা'' অর্থ এমন কোন প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি যাহা বা যিনি বাণিজ্যিক ভিত্তিতে ভবন, যোগাযোগ মাধ্যম, পরিবহণ, সড়ক, মহাসড়ক, সেতু বা অন্য যে কোন ধরনের অবকাঠামো নির্মাণ, মেরামত বা রক্ষণাবেক্ষণ করিয়া থাকে বা থাকেন এবং কোন অবকাঠামোর সহিত সংযুক্ত হয় বা উহার অংশ হিসাবে ব্যবহৃত হয় এইরূপ যে কোন ধরনের স্থায়ী বা অস্থায়ী সংস্থাপনও (যেমনঃ শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা, ফলস সিলিং, লিফট ইত্যাদি) ইহার অন্তর্ভুক্ত হইবে।

S০০৫ S০০৫.০০ **পণ্যাগার ও বন্দরঃ**

S০০৫.১০ **পণ্যাগারঃ** ১৫

**ব্যাখ্যা।-** ''পণ্যাগার'' অর্থ এমন কোন উন্মুক্ত বা অন্যবিধ স্থান যেখানে যে কোন পণ্য, পণের বিনিময়ে বা অন্য কোনভাবে মজুদ বা সংরক্ষণের ব্যবস্থা করা হয়; উক্তরূপ যে কোন পণ্য মজুদ বা

| | | | |
|---|---|---|---|
| | | সংরক্ষণের সহায়ক প্রত্যক্ষ বা পরোক্ষ সকল প্রস্তুতিমূলক কর্মকান্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে। | |
| | S০০৫.২০ | **বন্দরঃ** | ১৫ |
| | | **ব্যাখ্যা।-** ‘‘বন্দর’’ অর্থ এমন কোন উন্মুক্ত বা অন্যবিধ স্থান যেখানে আমদানিকৃত বা রপ্তানিযোগ্য যে কোন পণ্য বা পণ্যের বিনিময়ে বা অন্য কোনভাবে মজুদ বা সংরক্ষণের ব্যবস্থা করা হয় এবং উক্তরূপ যে কোন পণ্য মজুদ বা সংরক্ষণের সহায়ক প্রত্যক্ষ ও পরোক্ষ সকল প্রস্তুতিমূলক কর্মকান্ডসহ মজুদকৃত অথবা সংরক্ষিত উক্তরূপ কোন পণ্যের নিরাপত্তা স্ক্যানিং সেবাসহ পণ্য চালানের নিষ্পত্তি বিষয়ক সকল কর্মকান্ড এবং এতদুদ্দেশ্যে পরিচালিত আইসিডি (ICD-Inland Container Deport) এবং সিএফএস (CFS-Container Freight Station) ও এই সেবার অন্তর্ভুক্ত হইবে। | |
| S০০৬ | S০০৬.০০ | **হিমাগারঃ** | ০ |
| | | **ব্যাখ্যা।-** ‘‘হিমাগার’’ অর্থ এমন কোন স্থান যেখানে তাপ নিয়ন্ত্রণ পদ্ধতিতে বা অন্য কোন পদ্ধতিতে পণ্যের গুণগতমান অপরিবর্তিত রাখার জন্য বাণিজ্যিক ভিত্তিতে কোন পণ্য সংরক্ষণের ব্যবস্থা রহিয়াছে। | |
| S০০৭ | S০০৭.০০ | **বিজ্ঞাপনী সংস্থাঃ** | ১৫ |
| | | **ব্যাখ্যা।- (ক)** ‘‘বিজ্ঞাপনী সংস্থা’’ অর্থ কোন পণ্যের বা সেবার প্রচারণার বা অন্য কোন প্রচারণার উদ্দেশ্যে, বাণিজ্যিক ভিত্তিতে যে কোন নামের বা ধরনের বিজ্ঞাপন প্রস্তুতকরণে বা উক্ত উদ্দেশ্যে প্রস্তুতকৃত কোন বিজ্ঞাপন যে কোন মাধ্যমে বা অন্য কোন পন্থায় প্রচারকরণে বা প্রচার কার্যে সহায়তাকরণে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা; এবং<br>**(খ)** কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থার ওয়েবসাইট বা কোন পত্রিকা, সাময়িকী, ম্যাগাজিন, ইত্যাদি এর অনলাইন সংস্করণে বিজ্ঞাপন প্রচার করা হইলে উহাও বিজ্ঞাপনী সংস্থার অন্তর্ভুক্ত হইবে। | |
| S০০৮ | S০০৮.০০ | **ছাপাখানা ও বাঁধাই সংস্থাঃ** | |
| | S০০৮.১০ | **ছাপাখানাঃ** | ১৫ |
| | | ব্যাখ্যা।- ‘‘ছাপাখানা’’ অর্থ কোন পুস্তক বা পত্রিকা ছাপার কাজে অথবা অন্য যে কোন নামের বা ধরনের ছাপার কাজে নিয়োজিত প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি। | |
| | S০০৮.২০ | **বাঁধাই সংস্থাঃ** | ০ |
| | | ব্যাখ্যা।- ‘‘বাঁধাই সংস্থা’’ অর্থ কোন পুস্তক, পত্রিকা বা অন্য | |

| | | | |
|---|---|---|---|
| | | কোন দলিল দস্তাবেজ বা খাতাপত্র বাঁধাইয়ের কাজে নিয়োজিত প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি। | |
| **S০০৯** | **S০০৯.০০** | **নিলামকারী সংস্থাঃ** | **১৫** |
| | | ব্যাখ্যা।- ''নিলামকারী সংস্থা'' অর্থ সরকারী এবং বেসরকারী নিলামের আয়োজনে বা পরিচালনা কার্যে নিয়োজিত কোন প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি। | |
| **S০১০** | **S০১০.০০** | **ভূমি উন্নয়ন সংস্থা ও ভবন নির্মাণ সংস্থাঃ** | |
| | **S০১০.১০** | **ভূমি উন্নয়ন সংস্থাঃ** | **৩** |
| | | **ব্যাখ্যা।-** ''ভূমি উন্নয়ন সংস্থা'' অর্থ বাণিজ্যিক ভিত্তিতে ক্রয়কৃত বা অন্য যে কোন উপায়ে প্রাপ্ত ভূমির উন্নয়ন সাধন বা চুক্তির মাধ্যমে ভূমির উন্নয়ন সাধনপূর্বক ইজারার মাধ্যমে বা অন্য কোনভাবে পণের বিনিময়ে উক্ত উন্নয়নকৃত ভূমি বিক্রয় বা হস্তান্তরকার্যে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। | |
| | **S০১০.২০** | **ভবন নির্মাণ সংস্থাঃ** | |
| | | **ব্যাখ্যা।-** ''ভবন নির্মাণ সংস্থা'' অর্থে বাণিজ্যিক ভিত্তিতে ক্রয়কৃত বা অন্য যে কোন উপায়ে প্রাপ্ত ভূমির উপর ভবন নির্মাণপূর্বক ইজারার মাধ্যমে বা অন্য কোনভাবে পণের বিনিময়ে বাণিজ্যিক ভিত্তিতে উক্ত নির্মিত ভবন বিক্রয় অথবা হস্তান্তরকার্যে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা, এবং অন্য যে কোন উপায়ে প্রাপ্ত ভূমির উপর পণের বিনিময়ে ভবন নির্মাণপূর্বক হস্তান্তর কার্যক্রমও ইহার অন্তর্ভুক্ত হইবে। | **২**<br>**৪.৫**<br>**২** |
| S০১১ | S০১১.০০ | **ভিডিও ক্যাসেট সপ, ভিডিও গেম সপ, অডিও ভিডিও রেকর্ডিং সপ, অডিও ও ভিডিও সিডি ভাড়া প্রদানকারী সপঃ** | |
| | S০১১.১০ | **ভিডিও ক্যাসেট সপঃ** | |
| | S০১১.২০ | **ভিডিও গেম সপঃ** | |
| | S০১১.৩০ | **অডিও, ভিডিও রেকর্ডিং সপঃ** | |
| | S০১১.৪০ | **ভিডিও ও অডিও সিডি ভাড়া প্রদানকারী সপঃ** | **১৫** |
| | | **ব্যাখ্যা।-** ''ভিডিও ক্যাসেট সপ, ভিডিও গেম সপ, অডিও, ভিডিও রেকর্ডিং সপ, অডিও এবং ভিডিও সিডি ভাড়া প্রদানকারী সপ'' অর্থ বাণিজ্যিক ভিত্তিতে ভিডিও ক্যাসেট বা ভিডিও গেম বা অডিও ও ভিডিও সিডি বিক্রয় অথবা উহা সাময়িকভাবে ব্যবহারের সুযোগ প্রদান অথবা অডিও বা ভিডিও বা ভিডিও সিডি রেকর্ডিং এর কাজে নিয়োজিত কোন প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি। | |

| | | | |
|---|---|---|---|
| S০১২ | S০১২.০০ | **টেলিফোন, টেলিপ্রিন্টার, টেলেক্স, ফ্যাক্স বা ইন্টারনেট সংস্থা ও সিম কার্ড সরবরাহকারীঃ** | **১৫** |
| | S০১২.১০ | **টেলিফোনঃ** | **১৫** |
| | S০১২.১১ | **টেলিপ্রিন্টারঃ** | **১৫** |
| | S০১২.১২ | **টেলেক্সঃ** | **১৫** |
| | S০১২.১৩ | **ফ্যাক্সঃ** | **১৫** |
| | S০১২.১৪ | **ইন্টারনেট সংস্থাঃ**<br>ব্যাখ্যা।- ''টেলিফোন, টেলিপ্রিন্টার, টেলেক্স, ফ্যাক্স বা ইন্টারনেট সংস্থা'' অর্থ টেলিফোন, টেলিপ্রিন্টার, টেলেক্স, ফ্যাক্স বা ইন্টারনেট এর মাধ্যমে বাণিজ্যিক ভিত্তিতে যোগাযোগ স্থাপন, তথ্য বা উপাত্ত আদান-প্রদানের ব্যবস্থাকারী কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। | **১৫** |
| | S০১২.২০ | **সিম কার্ড সরবরাহকারী**<br>**ব্যাখ্যা।-** ''সিম কার্ড সরবরাহকারী'' অর্থ পণের বিনিময়ে Subscriber's Identity Module (SIM) কার্ড, Removable User Identification Module (RUIM) কার্ড বা অনুরূপ অন্য কোন microchip সম্বলিত কার্ডের মাধ্যমে সেলুলার (Mobile/ Fixed Wireless) টেলিফোন সংযোগ প্রদানকারী সংস্থা; এবং একই উদ্দেশ্য পূরণকল্পে উল্লিখিত কার্ড ব্যতীত Code Division Multiple Access (CDMA) বা অনুরূপ অন্য কোন পদ্ধতি ব্যবহারও এই সেবার অন্তর্ভুক্ত হইবে। | **১৫** |
| S০১৩ | S০১৩.০০ | **যান্ত্রিক লন্ড্রিঃ**<br>ব্যাখ্যা।- ''যান্ত্রিক লন্ড্রি'' অর্থ বাণিজ্যিক ভিত্তিতে যান্ত্রিক পদ্ধতিতে কোন পোষাক, পরিচ্ছদ বা উহার অংশ বিশেষ বা যে কোন ধরনের বস্ত্র, আছাদন বা মোড়ক ধোলাই, ইস্ত্রি, রং, রিপু, কাটা বা পলিস করার কার্যে নিয়োজিত কোন স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা। | **১৫** |
| S০১৪ | S০১৪.০০ | **ইন্ডেনটিং সংস্থাঃ**<br>**ব্যাখ্যা।-** ''ইন্ডেনটিং সংস্থা'' অর্থ দেশী বা বিদেশী ক্রেতা এবং বিক্রেতার মধ্যে বাণিজ্যিক ভিত্তিতে পণ্য বা সেবা ক্রয়-বিক্রয় বা আদান-প্রদান সম্পর্কিত যোগাযোগ স্থাপন অথবা অনুরূপ ক্রয়-বিক্রয় বা আদান-প্রদান সংক্রান্ত চুক্তি সম্পাদনে প্রয়োজনীয় সমন্বয় কার্যে নিয়োজিত কোন প্রতিষ্ঠান বা সংস্থা। | **১৫** |

| | | | |
|---|---|---|---|
| S০১৫ | S০১৫.০০ | **ফ্রেইট ফরোয়ার্ডার্স এবং ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থাঃ** | |
| | S০১৫.১০ | **ফ্রেইট ফরোয়ার্ডার্সঃ**<br>ব্যাখ্যা।- ''ফ্রেইট ফরোয়ার্ডার্স'' অর্থ পণের বিনিময়ে পণ্য মোড়কজাতকরণ বা অন্যের দ্বারা মোড়কজাতকৃত বা মোড়কজাতকরণ ব্যতীত কোন পণ্য বুকিং এর মাধ্যমে গমন্তব্যস্থলে প্রেরণের জন্য বাণিজ্যিক ভিত্তিতে পরিবহন ব্যবসা সংক্রান্ত কার্য সম্পাদনকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। | ১৫ |
| | S০১৫.২০ | **ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থাঃ**<br>ব্যাখ্যা।- ''ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা'' অর্থ বিদেশ হইতে আমদানিকৃত বা বিদেশে রপ্তানিযোগ্য কোন পণ্য পণের বিনিময়ে বা খোদ খালাসী (self clearance) এর উদ্দেশ্যে শুল্ক আনুষ্ঠানিকতা সম্পন্ন করার লক্ষ্যে Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 207 এর অধীন লাইসেন্স প্রাপ্ত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। | ১৫ |
| S০১৬ | S০১৬.০০ | **ট্রাভেল এজেন্সিঃ**<br>ব্যাখ্যা।- ''ট্রাভেল এজেন্সি'' অর্থ কমিশন ভিত্তিতে কোন যাত্রী পরিবহণ প্রতিষ্ঠানের পক্ষে যাত্রী সাধারণের নিকট এক স্থান হইতে অন্য স্থানে যাতায়াতের জন্য টিকিট বিক্রয় কার্যে নিয়োজিত কোন প্রতিষ্ঠান বা সংস্থা। | ১৫ |
| S০১৭ | S০১৭.০০ | **কম্যুনিটি সেন্টারঃ**<br>ব্যাখ্যা।- ''কম্যুনিটি সেন্টার'' অর্থ বিবাহ, জন্মদিন, সেমিনার, সিম্পোজিয়াম বা অন্য কোন সাংস্কৃতিক, সামাজিক বা রাজনৈতিক অনুষ্ঠান সম্পাদনের নিমিত্ত সাময়িকভাবে ভাড়া প্রদত্ত কোন ভবন বা প্রাঙ্গন এবং তদসংশ্লিষ্ট অনুষ্ঠান সম্পাদন সংক্রান্ত কার্যাবলীর মধ্যে খাদ্য পরিবেশনও অন্তর্ভুক্ত হইবে। | ১৫ |
| S০১৮ | S০১৮.০০ | **চলচ্চিত্র স্টুডিওঃ**<br>ব্যাখ্যা।- ''চলচ্চিত্র স্টুডিও'' অর্থ চলচ্চিত্র রেকর্ডিং এর সুবিধা সম্বলিত কোন স্থান, প্রাঙ্গাণ বা ভবন যাহা অর্থের বিনিময়ে ব্যবহার করার সুযোগ প্রদান করা হয়। | ১৫ |
| S০১৯ | S০১৯.০০ | **ফটো নির্মাতাঃ**<br>ব্যাখ্যা।- ''ফটো নির্মাতা'' অর্থ বাণিজ্যিক ভিত্তিতে রঙ্গিন বা সাদাকালো ফটো প্রস্তুতকরণ বা ফিল্ম প্রক্রিয়াকরণে নিয়োজিত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা | ০ |

| | | | |
|---|---|---|---|
| ''S০২০ | S০২০.০০ | **জরিপ সংস্থাঃ**<br>ব্যাখ্যা।- ''জরিপ সংস্থা'' অর্থ বাণিজ্যিক ভিত্তিতে আমদানিকৃত, রপ্তানিতব্য, দেশের অভ্যন্তরে মজুদকৃত বা সরবরাহকৃত পণ্যের জরিপ কার্যে অথবা বীমা সংক্রান্ত জরিপ কার্যে অথবা ভূমি জরিপসহ সকল প্রাকৃতিক, আর্থিক, মানব ও কারিগরি সম্পদ পরিমাপ বা জরিপ কার্যে বা আর্থ-সামাজিক জরিপ কার্যে বা অন্য যে কোন জরিপ কার্যে নিয়োজিত যে কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা, এবং পণের বিনিময়ে যে কোন ধরনের ভৌত বা রাসায়নিক পরীক্ষা সম্পাদনকারী বা যে কোন বিষয়ের সম্ভাব্যতা যাচাইকারী বা কোনো প্রতিষ্ঠানের মান (standardization) প্রত্যয়ন বা পারফরমেন্স অডিট সম্পাদনকারী প্রতিষ্ঠান এবং মেরিন সার্ভেয়ার প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে। | **১৫** |
| S০২১ | S০২১.০০ | **প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থাঃ**<br>ব্যাখ্যা।- ''প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থা'' অর্থ অর্থের বিনিময়ে কোন প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি অন্য কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থাকে ব্যবহারের সুযোগ প্রদানকারী কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। | **১৫** |
| S০২২ | S০২২.০০ | **মিষ্টান্ন ভান্ডারঃ**<br>ব্যাখ্যা।- ''মিষ্টান্ন ভান্ডার'' অর্থ মিষ্টান্ন বা মিষ্টান্নজাতীয় খাদ্য সামগ্রী প্রস্তুতকরণ বা বিক্রয়ে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। | **১৫** |
| S০২৩ | S০২৩.১০ | **চলচ্চিত্র প্রদর্শক (প্রেক্ষাগৃহ):**<br>ব্যাখ্যা।- ''চলচ্চিত্র প্রদর্শক'' অর্থ দর্শকদের উপভোগের জন্য বাণিজ্যিক ভিত্তিতে চলচ্চিত্র প্রদর্শনকারী বা প্রদর্শনের ব্যবস্থাপনাকারী কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। | **১৫** |
| | S০২৩.২০ | **চলচ্চিত্র পরিবেশকঃ**<br>**ব্যাখ্যা।-** ''চলচ্চিত্র পরিবেশক'' অর্থ চলচ্চিত্র প্রযোজনা বা নির্মাতা বা নিবেদক সংস্থা বা প্রতিষ্ঠানের নিকট হইতে সংগৃহীত চলচ্চিত্র অর্থের বিনিময়ে চলচ্চিত্র প্রদর্শক (প্রেক্ষাগৃহ) বা সম্প্রচার কর্তৃপক্ষ বা অন্য কোন ব্যক্তি বা সংস্থার নিকট হস্তান্তরকারী কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। | **১৫** |
| S০২৪ | S০২৪.০০ | **আসবাবপত্রের বিপণন কেন্দ্রঃ**<br>ব্যাখ্যা।- ''আসবাবপত্রের বিপণন কেন্দ্র'' অর্থ নিজস্ব প্রস্তুতকৃত বা অন্যের দ্বারা প্রস্তুতকৃত যে কোন আসবাবপত্র পণের বিনিময়ে বিক্রয়ের স্থান এবং উক্তরূপ আসবাবপত্রের প্রস্তুত ও মেরামতের স্থানও উহার অন্তর্ভুক্ত হইবে। | **৭**<br>**৫** |

| | | | |
|---|---|---|---|
| S০২৫ | S০২৫.০০ | **ওয়াসাঃ**<br>ব্যাখ্যা।- ''ওয়াসা'' অর্থ পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ৬ নং আইন) এর ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত পানি সরবরাহ ও পয়ঃ নিস্কাশন কর্তৃপক্ষ। | **১৫** |
| S০২৬ | S০২৬.০০ | **স্বর্ণকার ও রৌপ্যকার এবং স্বর্ণের ও রৌপ্যের দোকানদার এবং স্বর্ণ পাকাকারীঃ**<br>**ব্যাখ্যা।-** (১) ''স্বর্ণকার ও রৌপ্যকার এবং স্বর্ণ ও রৌপ্যের দোকানদার কর্তৃক প্রদত্ত সেবা'' অর্থ মজুরী বা সার্ভিস চার্জের বিনিময়ে স্বর্ণ বা রৌপ্যের কিংবা স্বর্ণ ও রৌপ্যের অলংকার প্রস্তুত, মেরামত, মজুদ বা বিপণন কার্যে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা; এবং<br>(২) ''স্বর্ণ পাকাকারী'' অর্থ স্বর্ণ গলাইয়া বা পরিষ্কার করিয়া বা অন্য কোন পদ্ধতিতে তেজাবি স্বর্ণ বা স্বর্ণ পিন্ড প্রস্তুত ও বিপণনকারী। | **৫** |
| S০২৭ | S০২৭.০০ | **বীমা কোম্পানীঃ**<br>ব্যাখ্যা।- ''বীমা কোম্পানী'' অর্থ অগ্নি, নৌ, বিমান, মটর, স্বাস্থ্যগত দুর্ঘটনাসহ অন্যান্য যে কোন দুর্ঘটনার ক্ষেত্রে বীমা পলিসি (জীবন বীমা পলিসি ব্যতীত) এর মাধ্যমে ক্ষতিপূরণ ব্যবস্থা সংক্রান্ত ব্যবসা পরিচালনায় নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। | **১৫** |
| **S০২৮** | **S০২৮.০০** | **কুরিয়ার (courier) ও এক্সপ্রেস মেইল সার্ভিসঃ**<br>ব্যাখ্যা।- ''কুরিয়ার (courier) ও এক্সপ্রেস মেইল সার্ভিস'' অর্থ দেশের অভ্যন্তরে অথবা দেশের বাহিরে অর্থের বিনিময়ে বার্তা, সংবাদ, তথ্য, দলিলপত্র, পণ্য বা পার্সেল (ওজনসীমা ১০ কেজি পর্যন্ত) প্রেরণে এবং দেশের অভ্যন্তরে ফি বা চার্জের বিনিময়ে মোবাইল, ইন্টারনেট, ফোন, ফ্যাক্স বা অন্যকোনো ইলেক্ট্রনিক মিডিয়া এর মাধ্যমে যোগাযোগের ভিত্তিতে অর্থ আদান-প্রদানে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা (সরকারী ডাক বিভাগ এবং সেবা শিরোনামা সংখ্যা S০১৫ এ বর্ণিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা ব্যতীত), তবে সরকারি ডাক বিভাগ বা বেসরকারি যেকোন সংস্থা কর্তৃক প্রদত্ত এক্সপ্রেস মেইল ইহার অন্তর্ভুক্ত হইবে। | **১৫** |
| S০২৯ | S০২৯.০০ | (বিলুপ্ত) | |
| | S০২৯.১০ | (বিলুপ্ত) | |
| | S০২৯.২০ | (বিলুপ্ত) | |

| | | | |
|---|---|---|---|
| | S০২৯.৩০ | (বিলুপ্ত) | |
| S০৩০ | S০৩০.০০ | **বিউটি পার্লারঃ**<br>ব্যাখ্যা।- ''বিউটি পার্লার'' অর্থ এমন কোন স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা যেইখানে বাণিজ্যিক ভিত্তিতে নারী বা পুরুষ বা উভয়ের কেশসজ্জা, অঙ্গসজ্জা বা রূপসজ্জামূলক সেবা প্রদানের বা তদানুষঙ্গিক কোন সুযোগ-সুবিধা প্রদানের ব্যবস্থা রহিয়াছে। | **১৫** |
| S০৩১ | S০৩১.০০ | **পণের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থাঃ**<br>ব্যাখ্যা।- ''পণের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা'' অর্থ পণের বিনিময়ে নিজস্ব প্লান্ট, মেশিনারী বা যন্ত্রপাতি দ্বারা অন্যের মালিকানাধীন কোন করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। | **১৫** |
| S০৩২ | S০৩২.০০ | **কনসালটেন্সী ফার্ম ও সুপারভাইজরী ফার্মঃ**<br>ব্যাখ্যা।- ''কনসালটেন্সী ফার্ম বা সুপারভাইজরী ফার্ম'' অর্থ পণের বিনিময়ে যেকোন পরামর্শক সেবা প্রদানে নিয়োজিত কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান যিনি কোন সম্ভাব্যতা যাচাই, প্রকল্প প্রণয়ন বা বাস্তবায়ন বা পরিকল্পনা প্রণয়ন বা বাস্তবায়নের পরামর্শ প্রদান করেন অথবা উহা বাস্তবায়নের তদারকি করেন। | **১৫** |
| S০৩৩ | S০৩৩.০০ | **ইজারাদারঃ**<br>ব্যাখ্যা।- ''ইজারাদার'' অর্থ পণের বিনিময়ে কোন স্থান বা স্থাপনার অথবা কোন স্থাবর সম্পত্তি বা কোন স্থানে প্রবেশাধিকারের ইজারা গ্রহণকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা এবং উক্তরূপ ইজারা প্রদান ব্যতিরেকে নিজস্ব ব্যবস্থাপনায় ইজারার স্থান বা স্থাপনার টোল, ফি, হাসিল বা খাস সংগ্রহকারীও ইহার অন্তর্ভুক্ত হইবেন। | **১৫** |
| S০৩৪ | S০৩৪.০০ | **অডিট এন্ড এ্যাকাউন্টিং ফার্মঃ**<br>ব্যাখ্যা।- ''অডিট এন্ড এ্যাকাউন্টিং ফার্ম'' অর্থ পণের বিনিময়ে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের বার্ষিক বা কোন নির্দিষ্ট মেয়াদের আয়-ব্যয় নিরীক্ষা অথবা হিসাব পরীক্ষা বা সংরক্ষণের কাজে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। | **১৫** |
| S০৩৫ | S০৩৫.০০ | **শিপিং এজেন্টঃ**<br>ব্যাখ্যা।- ''শিপিং এজেন্ট'' অর্থ Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section ২ (ম) তে সংজ্ঞায়িত ''conveyance'' এর আগমন, অবস্থান ও প্রস্থানে সংশ্লিষ্ট ব্যবসা পরিচালনাকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা এবং কোন বিদেশী | **১৫** |

| | | | |
|---|---|---|---|
| | | শিপিং লাইনের স্থানীয় এজেন্টও ইহার অন্তর্ভুক্ত হইবে। | |
| S০৩৬ | S০৩৬.০০ | **শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকুল বাস, লঞ্চ ও রেলওয়ে সার্ভিসঃ** | |
| | S০৩৬.১০ | **শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল বাস সার্ভিসঃ** | **১৫** |
| | | **ব্যাখ্যা।-** ''শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল বাস সার্ভিস'' অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল বাস, মিনিবাস বা কোষ্টারের মাধ্যমে যাত্রী পরিবহণ ব্যবসায়ে নিয়োজিত। | |
| | S০৩৬.২০ | **শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল লঞ্চ সার্ভিসঃ** | **১৫** |
| | | ব্যাখ্যা।- ''শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল লঞ্চ সার্ভিস'' অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি এক বা একাধিক শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল কেবিন বা কক্ষ বিশিষ্ট লঞ্চ বা ষ্টীমারের মাধ্যমে যাত্রী পরিবহণ ব্যবসায়ে নিয়োজিত। | |
| | S০৩৬.৩০ | **শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকুল রেলওয়ে সার্ভিসঃ** | **১৫** |
| | | ব্যাখ্যা।- ''শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল রেলওয়ে সার্ভিস'' অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি এক বা একাধিক শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল কেবিন বা কক্ষ বিশিষ্ট ট্রেনের মাধ্যমে যাত্রী পরিবহণ ব্যবসায়ে নিয়োজিত। | |
| S০৩৭ | S০৩৭.০০ | **যোগানদার (Procurement Provider)** | **৫** |
| | | ব্যাখ্যা।- "যোগানদার" অর্থ কোটেশন বা দরপত্র বা অন্যবিধভাবে বিভিন্ন সরকারী, আধা সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, বেসরকারী সংস্থা (এনজিও), ব্যাংক বীমা বা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানী বা শিক্ষা প্রতিষ্ঠান এর নিকট পণের বিনিময়ে করযোগ্য পণ্য বা সেবা বা উভয়ই সরবরাহ করেন এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। | |
| S০৩৮ | S০৩৮.০০ | **বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজকঃ** | **১৫** |
| | | ব্যাখ্যা।- ''বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজক'' অর্থ পণ বা সম্মানীর বিনিময়ে বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন শিল্পী অথবা বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন শিল্পী সংস্থা সহযোগে নৃত্য, সংগীত, ব্যান্ড শো, কনসার্ট বা অন্য যে কোন নামের বা ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান, জলসা বা শো আয়োজন করেন এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। | |
| S০৩৯ | S০৩৯.০০ | **স্যাটেলাইট ক্যাবল অপারেটর ও স্যাটেলাইট চ্যানেল ডিস্ট্রিবিউটরঃ** | |
| | S০৩৯.১০ | **স্যাটেলাইট ক্যাবল অপারেটরঃ** | **১৫** |
| | | **ব্যাখ্যা।-** ''স্যাটেলাইট ক্যাবল অপারেটর'' অর্থ ডিশ এন্টেনা বা | |

| | | | |
|---|---|---|---|
| | | অন্য কোন মাধ্যমে স্যাটেলাইট প্রোগ্রাম গ্রহণপূর্বক তাহা ক্যাবল বা তারের মাধ্যমে বাণিজ্যিক ভিত্তিতে পণের বিনিময়ে অফিস, বাড়ী, ব্যবসাস্থল, অন্যকোন স্থানে বা অঞ্চলে সংযোগদান করেন এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। | |
| | S০৩৯.২০ | **স্যাটেলাইট চ্যানেল ডিস্ট্রিবিউটরঃ**<br>ব্যাখ্যা।- ''স্যাটেলাইট চ্যানেল ডিস্ট্রিবিউটর'' অর্থ ডিশ এন্টেনা বা অন্য কোন মাধ্যমে স্যাটেলাইট টিভি চ্যানেলের প্রোগ্রাম গ্রহণপূর্বক তা ক্যাবল বা অন্য কোন মাধ্যমে স্যাটেলাইট ক্যাবল অপারেটর, অন্য কোন ব্যক্তি বা সংস্থাকে পণের বিনিময়ে সংযোগদান করেন, উক্তরূপ প্রোগ্রাম ধরনের স্বত্ব বা অধিকার প্রদান করেন অথবা যান্ত্রিক সংযোগ দ্বারা উক্তরূপ প্রোগ্রাম দর্শন বা প্রচারের অনুমতি প্রদান করেন এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা, যিনি বাংলাদেশে মূল চ্যানেল মালিকের প্রতিনিধিত্ব করেন। | **১৫** |
| S০৪০ | S০৪০.০০ | **সিকিউরিটি সার্ভিসঃ**<br>ব্যাখ্যা।- ''সিকিউরিটি সার্ভিস'' অর্থ বাণিজ্যিক ভিত্তিতে যে কোন স্থাবর বা অস্থাবর সম্পত্তি, ভবন, কমপ্লেক্স, অংগন, অফিস বা অন্য যে কোন ধরণের স্থাপনার বা কোন ব্যক্তির ব্যক্তিগত নিরাপত্তা বিধানের জন্য প্রহরী, কর্মী, জনবল বা যন্ত্রপাতি সরবরাহ কাজে নিয়োজিত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান। | **১৫** |
| S০৪১ | S০৪১.০০ | (বিলুপ্ত) | |
| S০৪২ | S০৪২.০০ | **স্বয়ংক্রিয় বা যন্ত্রচালিত করাতকলঃ**<br>ব্যাখ্যা।- ''স্বয়ংক্রিয় বা যন্ত্রচালিত করাতকল'' অর্থ স্বয়ংক্রিয় বা যন্ত্রচালিত করাত কল যাহার দ্বারা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান পণের বিনিময়ে গাছ, গাছের কান্ড বা গুড়ি বা শাখা প্রশাখা চেরাই কিংবা যে কোন ধরনের কাঠ কর্তন, চেরাই, মসৃণ করার কাজ করিয়া থাকেন এবং কাঠ সিজনিং প্লান্টও ইহার অন্তর্ভুক্ত হইবে। | **১৫** |
| S০৪৩ | S০৪৩.০০ | (বিলুপ্ত) | |
| S০৪৪ | S০৪৪.০০ | (বিলুপ্ত) | |
| S০৪৫ | S০৪৫.০০ | **আইন পরামর্শকঃ**<br>**ব্যাখ্যা।-** ''আইন পরামর্শক'' অর্থ এমন কোন ব্যক্তি, আইনজীবী অথবা কতিপয় আইনজীবী সমন্বয়ে গঠিত যে কোন চেম্বার বা প্রতিষ্ঠান, যিনি এককভাবে কিংবা এক বা একাধিক জুনিয়র আইনজীবী সহযোগে নিজস্ব বাসভবনে অথবা এককভাবে কিংবা এক বা একাধিক জুনিয়র আইনজীবী সহযোগে অন্য কোথাও স্থাপিত চেম্বারে বা প্রতিষ্ঠানে কোন ফৌজদারী বা দেওয়ানী | **১৫** |

| | | | |
|---|---|---|---|
| | | প্রকৃতির মামলা অথবা অন্য কোন বিষয়ে পণের বিনিময়ে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা বা কোম্পানীকে আইনানুগ পরামর্শ প্রদানসহ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উক্ত বিষয় সম্পর্কিত কার্যনির্বাহ করিয়া থাকেন। | |
| S০৪৬ | S০৪৬.০০ | **হেলথ্ ক্লাব ও ফিটনেস সেন্টারঃ**<br>ব্যাখ্যা।- ''হেলথ্ ক্লাব ও ফিটনেস সেন্টার'' অর্থ এমন কোন স্থান (খোলা বা আবদ্ধ যাহাই হউক না কেন) যেখানে পণের বিনিময়ে শারীরিক সৌন্দর্য বৃদ্ধিকল্পে, শারীরিক গঠন ঠিক রাখার বা শারীরিক সমস্যা উপশমের উদ্দেশ্যে শরীরচর্চা করানো হয় অথবা যন্ত্রপাতি ও সুইমিংপুল ইত্যাদি ব্যবহারের সুযোগ দেয়া হয় অথবা উক্ত বিষয়ে বিশেষজ্ঞ পরামর্শ ও প্রশিক্ষণ প্রদান করা হয়। | ১৫ |
| S০৪৭ | S০৪৭.০০ | **খেলাধুলা আয়োজকঃ**<br>ব্যাখ্যা।- ''খেলাধুলা আয়োজক'' অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি, জাতীয় বা আন্তর্জাতিক পর্যায়ের প্রতিযোগিতামূলক খেলাধুলা প্রদর্শনার্থে দর্শকদের নিকট হইতে ফি, টিকেট মূল্য বা কোন প্রকার বিনিময় মূল্য গ্রহণ করেন। | ১৫ |
| S০৪৮ | S০৪৮.০০ | **পরিবহণ ঠিকাদারঃ**<br>ব্যাখ্যা।- ''পরিবহণ ঠিকাদার'' অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যারা বাণিজ্যিক ভিত্তিতে কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠান, বেসরকারী সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা বা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানী বা শিক্ষা প্রতিষ্ঠানে, তালিকাভুক্ত হউক বা না হউক, পণের বিনিময়ে যে কোন পণ্য পরিবহণপূর্বক গন্তব্যস্থলে পৌছানোর দায়িত্ব পালন করেন। | ৫<br>১০ |
| S০৪৯ | S০৪৯.০০ | **যানবাহন ভাড়া প্রদানকারীঃ**<br>ব্যাখ্যা।- ''যানবাহন ভাড়া প্রদানকারী'' অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা বাণিজ্যিক ভিত্তিতে পণের বিনিময়ে সরকারী, আধা-সরকারী, স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠান, বেসরকারী সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা বা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানী বা শিক্ষা প্রতিষ্ঠানকে কার (ট্যাক্সিক্যাব ব্যতীত), জীপ, মাইক্রোবাস, বাস, কোষ্টার, মিনিবাস, ট্রেন, লঞ্চ, স্পীডবোট, ট্রলার বা অনুরূপ যে কোন নামের বা ধরনের স্থলযান বা জলযান ভাড়া প্রদান করেন। | ১৫ |

| | | | |
|---|---|---|---|
| S০৫০ | S০৫০.০০ | **আর্কিটেক্ট, ইন্টেরিয়র ডিজাইনার বা ইন্টেরিয়র ডেকোরেটর ও গ্রাফিক ডিজাইনারঃ** | **১৫** |
| | S০৫০.১০ | **আর্কিটেক্ট, ইন্টেরিয়র ডিজাইনার বা ইন্টেরিয়র ডেকোরেটরঃ**<br>ব্যাখ্যা।- ''আর্কিটেক্ট, ইন্টেরিয়র ডিজাইনার বা ইন্টেরিয়র ডেকোরেটর'' অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বাণিজ্যিক ভিত্তিতে, পণের বিনিময়ে বাসভবন, বাণিজ্যিক ভবন, অফিস, রাস্তা, সেতু, কালভার্ট, স্মৃতিসৌধ, ভাস্কর্য, ওভারব্রিজ, ফ্লাইওভার, শিক্ষা প্রতিষ্ঠানসহ যে কোন ধরনের অবকাঠামো নির্মাণের নকশা প্রণয়ন ও প্রযোজ্য ক্ষেত্রে, যে কোন অবকাঠামোর ভিতরকার সৌন্দর্য বৃদ্ধিকল্পে ডিজাইন ও কস্ট এস্টিমেট প্রণয়ন অথবা তাহা বাস্তবায়ন করেন। অস্থায়ী ভিত্তিতে কোন ভবনের অংশবিশেষের স্ট্রাকচার বা ডিজাইন পরিবর্তন সংক্রান্ত কার্যাদিও ইহার অন্তর্ভুক্ত হইবে। | **১৫** |
| | S০৫০.২০ | **গ্রাফিক ডিজাইনারঃ**<br>ব্যাখ্যা।- ''গ্রাফিক ডিজাইনার'' অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বাণিজ্যিক ভিত্তিতে, পণের বিনিময়ে মুদ্রণ, ইলেকট্রনিক বা চলচ্চিত্র মাধ্যম (film media) ব্যবহার পূর্বক বিষয় (text) ও গ্রাফিক এর সমন্বয়ে দর্শনযোগ্য মাধ্যম (visual media) বা ডিজাইন, লোগো, গ্রাফিক, ব্রোশিউর, নিউজ লেটার, পোস্টার, সাইন, বিজনেস কার্ড, পোস্টকার্ড, ইনভয়েস, পুস্তক, বা এ ধরনের অন্য কোন দর্শনযোগ্য পণ্য (visual communication) সৃষ্টি করেন। | **১৫** |
| S০৫১ | S০৫১.০০ | **ইঞ্জিনিয়ারিং ফার্মঃ**<br>ব্যাখ্যা।- ''ইঞ্জিনিয়ারিং ফার্ম'' অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি অথবা যারা বাণিজ্যিক ভিত্তিতে, নির্দিষ্ট চার্জ, ফি বা পণের বিনিময়ে ভবন, রাস্তাঘাট, সেতু, কালভার্ট, স্মৃতিসৌধ, ভাস্কর্য, ওভারব্রীজ, ফ্লাইওভারসহ যে কোন ধরনের অবকাঠামোগত ডিজাইন ও কষ্ট এস্টিমেট প্রণয়ন করেন অথবা উক্ত অবকাঠামোর নির্মাণ কাজ তদারকী বা বাস্তবায়ন করেন। | **১৫** |
| S০৫২ | S০৫২.০০ | **শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারীঃ**<br>ব্যাখ্যা।- ''শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী'' অর্থ বাণিজ্যিক ভিত্তিতে, পণের বিনিময়ে কোন সামাজিক, দাপ্তরিক, রাজনৈতিক বা যে কোন অনুষ্ঠানে ব্যবহারের উদ্দেশ্যে যে কোন ধরনের ইলেকট্রিক্যাল, ইলেকট্রোম্যাগনেটিক বা ইলেকট্রনিক শব্দ সরঞ্জাম অথবা আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। | **১৫** |

| | | | |
|---|---|---|---|
| S০৫৩ | S০৫৩.০০ | **বোর্ড সভায় যোগদানকারীঃ**<br>ব্যাখ্যা।- ''বোর্ড সভায় যোগদানকারী'' অর্থ এমন কোন ব্যক্তি যিনি কোন সরকারী, আধাসরকারী, বেসরকারী (এনজিও), বাংলাদেশে অবস্থিত আন্তর্জাতিক সংস্থা, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, ব্যাংক, বীমা বা লিমিটেড কোম্পানীর বোর্ড বা বার্ষিক সাধারণ সভায় ফি বা সম্মানীর বিনিময়ে যোগদান করিয়া থাকেন। | **১৫** |
| S০৫৪ | S০৫৪.০০ | **উপগ্রহ চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচারকারীঃ**<br>ব্যাখ্যা।- ''উপগ্রহ চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচারকারী'' অর্থ এমন কোন উৎপাদনকারী বা সেবা প্রদানকারী যিনি তাহার প্রতিষ্ঠানে উৎপাদিত মূসক আরোপযোগ্য যে কোন পণ্য বা সেবার বিপণনের বা প্রচারণার উদ্দেশ্যে কোন বিজ্ঞাপন প্রস্তুতকারী প্রতিষ্ঠানের মাধ্যমে বিজ্ঞাপন প্রস্তুতপূর্বক, পণের বিনিময়ে কোন জাতীয় বা আন্তর্জাতিক ভূমিতে অথবা মহাকাশে স্থাপিত উপগ্রহ চ্যানেলের মাধ্যমে প্রচারের ব্যবস্থা করিয়া থাকেন। | **১৫** |
| S০৫৫ | S০৫৫.০০ | **ভূমি বিক্রয়কারীঃ**<br>ব্যাখ্যা।- ''ভূমি বিক্রয়কারী'' অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি মেট্রোপলিটন, মিউনিসিপ্যাল কর্পোরেশন বা পৌর এলাকার মাস্টারপ্ল্যানের আওতাভুক্ত এলাকায় অবস্থিত উত্তরাধিকার সূত্রে, ক্রয়সূত্রে বা অন্য যে কোন সূত্রে প্রাপ্ত ভূমি পণের বিনিময়ে অন্য কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থার নিকট নিজে বা অন্যের মাধ্যমে বিক্রয় করেন। তবে ভূমি উন্নয়ন সংস্থা এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে না। | **০** |
| S০৫৬ | S০৫৬.০০ | **ব্যাংকিং ও নন-ব্যাংকিং সেবা প্রদানকারীঃ**<br>ব্যাখ্যা।- ''ব্যাংকিং ও নন-ব্যাংকিং সেবা প্রদানকারী'' অর্থ কোন রাষ্ট্রায়ত্ব, দেশীয় বা বিদেশী বাণিজ্যিক ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭ নং আইন) এর ধারা ২ এর দফা (খ) তে সংজ্ঞায়িত আর্থিক প্রতিষ্ঠান বা সংস্থা, যাহারা কমিশন, ফি বা চার্জের বিনিময়ে যে কোনো মাধ্যমে ব্যাংকিং বা নন-ব্যাংকিং সেবা (স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীর শেয়ার ক্রয়-বিক্রয় সংক্রান্ত সেবা ব্যতীত) প্রদান করিয়া থাকে। | **১৫** |
| S০৫৭ | S০৫৭.০০ | **বিদ্যুৎ বিতরণকারীঃ**<br>**ব্যাখ্যা।-** ''বিদ্যুৎ বিতরণকারী'' অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বাণিজ্যিক ভিত্তিতে উৎপাদিত অথবা ক্রীত অথবা অন্য যে কোন উপায়ে প্রাপ্ত বিদ্যুৎ সরাসরি ভোক্তার নিকট পণের বিনিময়ে সরবরাহ করেন। | **৫** |

| | | | |
|---|---|---|---|
| S০৫৮ | S০৫৮.০০ | **চার্টার্ড বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদানকারী সংস্থাঃ**<br>ব্যাখ্যা।- ''চার্টার্ড বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদানকারী সংস্থা'' অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি পণের বিনিময়ে কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থাকে চার্টারে বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদান করেন। | **১৫** |
| S০৫৯ | S০৫৯.০০ | **গ্লাসশীট প্রলেপকারী প্রতিষ্ঠানঃ**<br>ব্যাখ্যা।- ''গ্লাসশীট প্রলেপকারী প্রতিষ্ঠান'' অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বাণিজ্যিক ভিত্তিতে পণের বিনিময়ে গ্লাসশীটের উপর নিজস্ব প্লান্ট বা মেশিনারী দ্বারা প্রতিফলন কোটিং বা আস্তরণ বা প্রলেপ প্রদান করেন এবং সরবরাহকারীর চাহিদা মোতাবেক সাইজ বা আকৃতি প্রদানের নিমিত্তে কাটিং কার্যও সম্পাদন করেন। | **১৫** |
| S০৬০ | S০৬০.০০ | **নিলামকৃত পণ্যের ক্রেতাঃ**<br>ব্যাখ্যা।- ''নিলামকৃত পণ্যের ক্রেতা'' অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি অর্থের বিনিময়ে নিলাম ডাকের মাধ্যমে বা দরপত্র দ্বারা বা দরপত্র ছাড়া কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, বেসরকারী সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা বা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানী বা শিক্ষা প্রতিষ্ঠানের স্থাবর বা অস্থাবর সম্পত্তি বাণিজ্যিক বা ব্যক্তিগত ব্যবহারের উদ্দেশ্যে ক্রয় করিয়া থাকেন। | **৫** |
| S০৬১ | S০৬১.০০ | **ক্রেডিট কার্ড প্রদানকারী প্রতিষ্ঠানঃ**<br>ব্যাখ্যা।- ''ক্রেডিট কার্ড প্রদানকারী প্রতিষ্ঠান'' অর্থ এমন কোন ব্যাংক বা আর্থিক সংস্থা বা প্রতিষ্ঠান যাহারা তদকর্তৃক নির্ধারিত ফি বা চার্জের বিনিময়ে, আর্থিক লেনদেনের সুবিধার্থে, ক্রেডিট কার্ড ইস্যু বা নবায়ন করিয়া থাকে। | **১৫** |
| S০৬২ | S০৬২.০০ | **অর্থ বিনিময়কারী (মানি চেঞ্জার) প্রতিষ্ঠানঃ**<br>ব্যাখ্যা।-''অর্থ বিনিময়কারী (মানি চেঞ্জার) প্রতিষ্ঠান'' অর্থ এমন কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান যিনি অর্থের বিনিময়ে সকল প্রকার বৈদেশিক মুদ্রা ক্রয়-বিক্রয় বা বিনিময় করিয়া থাকেন। | **১৫** |
| S০৬৩ | S০৬৩.০০ | **টেইলারিং সপ ও টেইলার্সঃ**<br>ব্যাখ্যা।- ''টেইলারিং সপ ও টেইলার্স'' অর্থ এমন কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান যিনি অর্থের বিনিময়ে যে কোন ধরনের পরিধেয় পোশাক বা সাজ-সজ্জার জন্য কাপড় বা প্রক্রিয়াজাত চামড়া বা অনুরূপ দ্রব্যাদি কাটিং, ডিজাইন ও সেলাই করেন। | **১৫** |
| S০৬৪ | S০৬৪.১০ | **এ্যামিউজমেন্ট পার্ক ও থিম পার্কঃ**<br>ব্যাখ্যা।- ''এ্যামিউজমেন্ট পার্ক ও থিম পার্ক'' অর্থ এমন কোন স্থান যেখানে পণের বিনিময়ে প্রবেশাধিকারসহ যান্ত্রিক খেলনা, | **১৫** |

| | | | |
|---|---|---|---|
| | | রাইড, অবকাঠামো বা প্রদর্শনীর মাধ্যমে দর্শনার্থীদের জন্য বিনোদনের ব্যবস্থা করা হয়। | |
| | S০৬৪.২০ | **পিকনিক স্পট, শ্যুটিং স্পট ও পর্যটন স্থান বা স্থাপনাঃ**<br>ব্যাখ্যা।- ''পিকনিক স্পট, শ্যুটিং স্পট ও পর্যটন স্থান বা স্থাপনা'' অর্থ প্রকৃতি প্রদত্ত অথবা বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের লক্ষ্যে পরিকল্পিতভাবে উন্নয়নকৃত কোন স্থান বা স্থাপনা যাহা, অন্যকোন সেবা, সুবিধা বা উপযোগিতা প্রদান করা হউক বা না হউক, পণের বিনিময়ে ভাড়া দেওয়া হয় এবং ইজারা প্রদত্ত না হইলে কোন ঐতিহাসিক স্থানও ইহার অন্তর্ভুক্ত হইবে। | **১৫** |
| S০৬৫ | S০৬৫.০০ | **ভবন, মেঝে ও অংগন পরিস্কার বা রক্ষণাবেক্ষণকারী সংস্থাঃ**<br>ব্যাখ্যা।- ''ভবন, মেঝে ও অংগন পরিস্কার বা রক্ষণাবেক্ষণকারী সংস্থা'' অর্থ পণের বিনিময়ে সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, বেসরকারী সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা বা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানী, শিক্ষা প্রতিষ্ঠান বা আন্তর্জাতিক সংস্থার ভবন, মেঝে ও অংগন পরিস্কারের কার্যে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। | **১৫** |
| S০৬৬ | S০৬৬.০০ | **লটারীর টিকিট বিক্রয়কারীঃ**<br>ব্যাখ্যা।- ''লটারীর টিকিট বিক্রয়কারী'' অর্থ এমন কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান যিনি কমিশনের বিনিময়ে সকল প্রকার লটারীর টিকিট বিক্রয় করিয়া থাকেন। | **১৫** |
| S০৬৭ | S০৬৭.০০ | **ইমিগ্রেশন উপদেষ্টাঃ**<br>ব্যাখ্যা।- ''ইমিগ্রেশন উপদেষ্টা'' অর্থ এমন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা বিদেশ গমন বা বিদেশী নাগরিকত্ব লাভের উদ্দেশ্যে পণের বিনিময়ে কোন ব্যক্তি বা সংস্থাকে কোন পরামর্শ প্রদানসহ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উক্ত বিষয় সম্পর্কিত কোন কার্যনির্বাহ করিয়া থাকেন। | **১৫** |
| S০৬৮ | S০৬৮.০০ | **কোচিং সেন্টারঃ**<br>ব্যাখ্যা।- ''কোচিং সেন্টার'' অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা পণের বিনিময়ে বিউটিফিকেশন প্রশিক্ষণ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি, পরীক্ষায় উন্নত ফলাফল লাভ, বিদেশী ভাষা শিক্ষা ও দক্ষতা অর্জন, চাকুরী পাওয়ার উদ্দেশ্য এবং প্রতিযোগিতামূলক পরীক্ষায় ভালো ফলাফলের জন্য এককভাবে কিংবা এক বা একাধিক সহযোগী সহযোগে যে কোন স্থান, সেন্টার বা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রী বা ব্যক্তিবর্গকে প্রশিক্ষণ বা পাঠদান করিয়া থাকেন এবং GMAT, GRE, TOEFL ও IELTS প্রশিক্ষণও ইহার অন্তর্ভুক্ত হইবে। | **১৫** |

| | | | |
|---|---|---|---|
| S০৬৯ | S০৬৯.০০ | **ইংলিশ মিডিয়াম স্কুলঃ**<br>ব্যাখ্যা।- ''ইংলিশ মিডিয়াম স্কুল'' অর্থ এইরূপ কোন শিক্ষা প্রতিষ্ঠান যেখানে পণের বিনিময়ে আন্তর্জাতিক পাঠ্যক্রম অনুসারে ইংরেজী ভাষায় পাঠ দান করা হয়। জাতীয় শিক্ষাক্রম অনুসারে ইংরেজী মাধ্যমের (Version) শিক্ষা ইহার আওতা বহির্ভুত হইবে। | ৫ |
| S০৭০ | S০৭০.০০ | **বেসরকারী বিশ্ববিদ্যালয় এবং মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজঃ** | |
| | S০৭০.১০ | **বেসরকারী বিশ্ববিদ্যালয়ঃ**<br>ব্যাখ্যা।- ''বেসরকারী বিশ্ববিদ্যালয়'' অর্থ এইরূপ কোন বেসরকারী প্রতিষ্ঠান যেখানে পণের বিনিময়ে পাঠদান শেষে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী প্রদান করা হইয়া থাকে। | ০ |
| | S০৭০.২০ | **বেসরকারী মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজঃ**<br>ব্যাখ্যা।- ''বেসরকারী মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজ'' অর্থ এইরূপ কোন বেসরকারী প্রতিষ্ঠান যেখানে পণের বিনিময়ে পাঠদান শেষে মেডিকেল বা ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী প্রদান করা হইয়া থাকে। | ০ |
| S০৭১ | S০৭১.০০ | **অনুষ্ঠান আয়োজকঃ**<br>ব্যাখ্যা।- ''অনুষ্ঠান আয়োজক'' অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা, যিনি বা যাহারা, পণের বিনিময়ে অপর কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের যে কোন ধরনের অনুষ্ঠান আয়োজনে সহায়তা করে থাকেন। | ১৫ |
| S০৭২ | S০৭২.০০ | **মানব সম্পদ সরবরাহ বা ব্যবস্থাপনা প্রতিষ্ঠানঃ**<br>ব্যাখ্যা।- ''মানব সম্পদ সরবরাহ বা ব্যবস্থাপনা'' অর্থ কোন সরকারী, বেসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা লিমিটেড কোম্পানীতে সুনির্দিষ্ট কাজ সম্পাদনের লক্ষ্যে বা সামগ্রিক ব্যবস্থাপনার লক্ষ্যে চুক্তির ভিত্তিতে পণের বিনিময়ে দক্ষ, অদক্ষ জনশক্তি সরবরাহ বা দাপ্তরিক সেবা প্রদানকারী কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। শ্রম হ্যান্ডলিং বা শ্রমিক ঠিকাদার প্রতিষ্ঠান বা শ্রমিক সরবরাহকারী প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে। | ১৫ |
| S০৭৩ | S০৭৩.০০ | **জনশক্তি রপ্তানিকারী প্রতিষ্ঠানঃ**<br>ব্যাখ্যা।- ''জনশক্তি রপ্তানীকারী প্রতিষ্ঠান'' অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা, জনশক্তি বা কর্মসংস্থান ব্যুরো বা সমজাতীয় অন্য কোন কর্তৃপক্ষের অধীনে তালিকাভুক্ত বা নিবন্ধিত হইয়া বাংলাদেশ হইতে বিদেশে কিংবা বিদেশ হইতে বাংলাদেশে লোকবল নিয়োগে বিভিন্ন দপ্তরের মধ্যে সমন্বয় সাধনসহ কমিশন বা চার্জ বা ফি এর বিনিময়ে ভিসা প্রসেসিং ও অন্যান্য দাপ্তরিক সেবা প্রদান করেন। | ০ |

| | | | |
|---|---|---|---|
| S০৭৪ | S০৭৪.০০ | **স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারীঃ**<br>ব্যাখ্যা।- ''স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী'' অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা আবাসিক কাজে ব্যবহার্য নয় এরূপ কোন স্থান বা স্থাপনা পণের বিনিময়ে নির্দিষ্ট মেয়াদে ব্যবহার করার অধিকারী। নির্দিষ্ট মেয়াদান্তে নবায়নযোগ্য উক্তরূপ অধিকার অর্জনও ইহার অন্তর্ভুক্ত হইবে। | **১৫** |
| S০৭৫ | S০৭৫.০০ | **স্টক ও সিকিউরিটি ব্রোকারঃ**<br>ব্যাখ্যা।- ''স্টক ও সিকিউরিটি ব্রোকার'' অর্থ কমিশনের বিনিময়ে কোন বেনিফিসিয়ারী ওনার'স একাউন্টসধারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের পক্ষে শেয়ার ক্রয়-বিক্রয় কার্যে নিয়োজিত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা। | **০** |
| S০৭৬ | S০৭৬.০০ | **সামাজিক ও খেলাধুলা বিষয়ক ক্লাবঃ**<br>ব্যাখ্যা।- ''সামাজিক ও খেলাধুলা বিষয়ক ক্লাব'' অর্থ গলফ ক্লাব, রেসিং প্লেস, ফ্লাইং ক্লাব, ড্রাইভিং ক্লাবসহ এমন কোন সামাজিক অথবা খেলাধুলা বিষয়ক সংগঠন বা সংস্থা বা প্রতিষ্ঠান যাহার সদস্যপদ গ্রহণ করিতে হইলে ১০,০০০/- টাকার উর্ধ্বে ফি প্রদান করিতে হয় অথবা মাসিক ৫০০/- টাকার উর্ধ্বে চাঁদা প্রদান করিতে হয় এবং যেখানে পণের বিনিময়ে অন্যান্য সেবা সরবরাহ করা হয়। তবে ফুটবল, ক্রিকেট, হকি, ভলিবল, কাবাডি, বাস্কেটবল, হ্যান্ডবল, ইত্যাদি খেলাসহ অলিম্পিক গেমসের অন্তর্ভুক্ত সকল ইভেন্ট ইহার আওতা বহির্ভূত হইবে। | **১৫** |
| S০৭৭ | S০৭৭.০০ | **ট্যুর অপারেটরঃ**<br>ব্যাখ্যা।- ''ট্যুর অপারেটর'' অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা, বাণিজ্যিক ভিত্তিতে অপর কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের দেশে বা বিদেশে যে কোন ধরনের ভ্রমণ আয়োজনে সহায়তা করে থাকেন। | **০** |
| S০৭৮ | S০৭৮.০০ | **তৈরী পোশাক বিপণনঃ**<br>"তৈরী পোষাক বিপণন" অর্থ নিজস্ব প্রস্তুতকৃত বা অন্যের দ্বারা প্রস্তুতকৃত (নিজস্ব ব্র্যান্ড হউক বা না হউক) যে কোন ধরনের তৈরী পোশাকের উৎপাদন ও বিপণনকে বুঝাইবে।<br>**ব্যাখ্যা।–**<br>**(ক) নিজস্ব ব্রান্ড সম্বলিত তৈরী পোশাক বিপণনঃ**<br>"নিজস্ব ব্রান্ড সম্বলিত তৈরী পোশাক বিপণন" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা, নিজস্ব ব্রান্ড বা ট্রেডমার্ক ব্যবহার করিয়া পরিধেয় পোশাক নিজস্ব অথবা চুক্তিভিত্তিক কারিগরের দ্বারা উৎপাদন অথবা আমদানি করিয়া নিজস্ব শো-রুম বা বিপণন কেন্দ্র থেকে পণের বিনিময়ে বিক্রয় করেন; এবং | **৫** |

| | | | |
|---|---|---|---|
| | | **(খ) নিজস্ব ব্রান্ড ব্যতীত তৈরী পোশাক বিপণনঃ**<br>“নিজস্ব ব্রান্ড ব্যতীত তৈরী পোশাক বিপণন” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা, সকল প্রকার পরিধেয় পোশাক নিজস্ব ব্রান্ড বা ট্রেডমার্ক ব্যবহার ব্যতীত নিজস্ব অথবা চুক্তিভিত্তিক কারিগরের দ্বারা উৎপাদন করিয়া পণের বিনিময়ে বিক্রয় করেন। | |
| **S০৭৯** | **S০৭৯.০০** | **ভার্চুয়াল বিজনেসঃ**<br>ব্যাখ্যা।- “ভার্চুয়াল বিজনেস” অর্থ যে কোন ধরনের নিজস্ব বিক্রয় বা ব্যবসা কেন্দ্র ব্যতীত ইলেকট্রনিক নেটওয়ার্ক ব্যবহারের মাধ্যমে ইন্টারনেট বা ওয়েব বা সোশ্যাল মিডিয়া বা মোবাইল এপ্লিকেশন ভিত্তিক প্লাটফরম বা অনুরূপ যে কোন মিডিয়া ব্যবহার করিয়া কোন পণ্য বা সেবার ক্রয়-বিক্রয় বা হস্তান্তরকে বুঝাইবে, তবে টেলিকম অপারেটরগণকে প্রদত্ত যে কোন ধরনের মোবাইল ভ্যালু এ্যাডেড সার্ভিস ইহার অন্তর্ভুক্ত হইবে না। | ৫ |
| S০৯৯ | S০৯৯.০০ | **বিবিধ সেবাঃ** | |
| | S০৯৯.১০ | **তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services)**<br>ব্যাখ্যা।— “তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services)” অর্থ Digital Content Development and Management, Animation (Both 2D and 3D), Geographic Information Services (GIS), IT Support and Software Maintenance Services, Software Development and Customization, Web Site Development and Services, Website Hosting, Digital Data Analytics, Business Process Outsourcing, Data Entry, Data Processing, Call Centre, Digital Graphics Design and Computer Aided Design, Search Engine Optimization, Web Listing, Document Conversion, Imaging and Archiving, Overseas Medical Transcription, Cyber Security Services, E-Procurement and E-Auction. | ৫ |
| | S০৯৯.২০ | অন্যান্য বিবিধ সেবাঃ<br>ব্যাখ্যা।- ‘‘অন্যান্য বিবিধ সেবা’’ অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর দ্বিতীয় তফসিলের অন্তর্ভুক্ত নয়, এই প্রজ্ঞাপনে সংজ্ঞায়িত করা হয় নাই এবং উক্ত আইনের ধারা ১৪ অনুযায়ী অব্যাহতিপ্রাপ্ত নয়, পণের বিনিময়ে প্রদত্ত এমন সকল সেবা। | ১৫ |

| | | | |
|---|---|---|---|
| | S০৯৯.৩০ | **স্পন্সরশীপ সেবা (Sponsorship Services)**<br>ব্যাখ্যা।- ''স্পন্সরশীপ সেবা **(**Sponsorship services)'' অর্থ ''Sponsorship services includes naming an event after the sponsor, displaying the sponsor's company logo or trading name, giving the sponsor exclusive or priority booking rights, sponsoring prizes or trophies for competition; but does not include any sports event involving national teams of Bangladesh. It also excludes any financial or other support in the form of donations or gifts, given by the donors subject to the condition that the service provider is under no obligation to provide anything in return to such donations. | **১৫** |
| | S০৯৯.৪০ | **মেডিটেশন সেবাঃ**<br>ব্যাখ্যা।- ''মেডিটেশন সেবা'' অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা, পণের বিনিময়ে মনোদৈহিক রোগগ্রস্থ, হতাশাগ্রস্থ এবং নানাবিধ শারীরিক জটিল ব্যাধিতে আক্রান্ত রোগীকে অথবা যে কোন ব্যক্তিকে মেডিটেশন, ধ্যানচর্চা, কাউন্সেলিং, মোহিতকরণ বা অনুরূপ কোন পদ্ধতিতে মানসিক ও মনোদৈহিক উৎকর্ষ সাধন বা প্রশান্তি আনয়নের লক্ষ্যে সেবা প্রদান করেন। | *০* |
| **S০৯৯** | **S০৯৯.৫০** | **অনলাইনে পণ্য বিক্রয়ঃ**<br>ব্যাখ্যা।- "অনলাইনে পণ্য বিক্রয়" অর্থ ইলেকট্রনিক নেটওয়ার্ক ব্যবহারের মাধ্যমে সেই সকল পণ্য ও সেবার ক্রয়-বিক্রয়কে বুঝাইবে যাহা ইতোপূর্বে কোন উৎপাদনকারী বা সেবা সরবরাহকারীর নিকট হইতে মূসক পরিশোধপূর্বক গৃহীত হইয়াছে এবং যাহাদের নিজস্ব কোন বিক্রয়কেন্দ্র নাই। | *০* |
| **S০৯৯** | **S০৯৯.৬০** | **ক্রেডিট রেটিং এজেন্সিঃ**<br>ব্যাখ্যা।- ''ক্রেডিট রেটিং এজেন্সি'' অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা পণের বিনিময়ে কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থার আর্থিক অবস্থা পর্যালোচনাপূর্বক ঋণ পরিশোধের সামর্থ পরিমাপ করে এবং আর্থিক অবস্থা বিশ্লেষণও ইহার অন্তর্ভুক্ত হইবে। | **১৫** |

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**

প্রথম সচিব (মূসক নীতি)